



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২০১৭-২০১৮ অর্থবছরের
কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন



বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

সূচীপত্র

বিষয়	পৃষ্ঠা নং
পটভূমি ও ক্রমবিকাশ	২-৪
রূপকল্প, অভিলক্ষ্য ও কার্যাবলী	৫
সিটিজেন চার্টার	৬-১৬
অর্গানোগ্রাম	১৭-১৯
অধ্যায়- ১: প্রশাসন অধিশাখা	২০-২২
অধ্যায়- ২: এনফোর্সমেন্ট অধিশাখা	২৩-৩১
অধ্যায়-৩: ইঞ্জিনিয়ারিং অধিশাখা	৩২-৪৪
অধ্যায়- ৪: অপারেশন অধিশাখা	৪৫-৫৯
অধ্যায়- ৫: রোড সেফটি অধিশাখা	৬০-৬৮
অধ্যায় –৬: প্রশিক্ষণ অধিশাখা	৬৯-৭৪
অধ্যায়- ৭: সচিব অধিশাখা	৭৫-৭৬
উত্তম চর্চা	৭৭

পটভূমিঃ

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি মোটরযান অধ্যাদেশ, ১৯৮৩ এর উদ্দেশ্য বাস্তবায়নকল্পে উক্ত অধ্যাদেশের দ্বিতীয় অধ্যায় অনুসারে ১৯৮৭ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তদানিন্তন যোগাযোগ মন্ত্রণালয়ের অধীনে একটি পূর্ণাঙ্গ সংস্থা হিসেবে সৃজন করা হয়। একটি আধুনিক প্রযুক্তি নির্ভর, সুশৃঙ্খল ও দক্ষ সড়ক পরিবহন সেবা ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি কাজ করে থাকে। এছাড়া সড়ক পরিবহন ব্যবস্থা নিরাপদ ও পরিবেশ বান্ধব করে গড়ে তোলা, সড়ক নিরাপত্তা সম্পর্কিত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, কারিগরি ও শিক্ষামূলক কার্যক্রম গ্রহণের মাধ্যমে দক্ষ চালক সৃষ্টি এবং সড়ক দুর্ঘটনা হ্রাসকরণের জন্য জনসচেতনতা বৃদ্ধির নিমিত্ত নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ সংস্থা মোটরযান চালনার ড্রাইভিং লাইসেন্স, মোটরযানের রেজিস্ট্রেশন, ফিটনেস সার্টিফিকেট, ড্রাইভিং ইনস্ট্রাক্টর লাইসেন্স, রুট পারমিট, মোটরযান প্রস্তুতকারী ও সংযোজনকারী প্রতিষ্ঠান, মোটরযান বিক্রয়কারী প্রতিষ্ঠান, মোটরযান ওয়ার্কশপ, ড্রাইভিং প্রশিক্ষণ স্কুল, মোটরযান দূষণ পরীক্ষাকারী প্রতিষ্ঠান ইত্যাদির রেজিস্ট্রেশন প্রদান করে থাকে।

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি সরকারের অন্যতম রাজস্ব আদায়কারী প্রতিষ্ঠান। রাজস্ব আদায় ছাড়াও ড্রাইভিং লাইসেন্স ইস্যুর মাধ্যমে বিদেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং বৈদেশিক রেমিট্যান্স প্রবাহও ত্বরান্বিত হচ্ছে। এছাড়াও সরকারের নানামুখী উন্নয়ন সহায়ক নীতির ফলে ব্যবসা বাণিজ্যের ব্যাপক প্রসারে পরিবহন ব্যবস্থা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে। মানুষের ক্রয় ক্ষমতা বৃদ্ধি পাওয়ায় মোটরযান এবং চালকের সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি জনগণের ক্রমবর্ধমান মোটরযানের রেজিস্ট্রেশন, ড্রাইভিং লাইসেন্সসহ সংশ্লিষ্ট অন্যান্য সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়া এবং সেবার মানোন্নয়নে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে এবং সরকারের ভিশন'২১ বাস্তবায়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

ক্রমবিকাশঃ

- ১৯৬২ বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি ১৯৬২ সালে “সুপারিনটেনডেন্ট অব রোড ট্রান্সপোর্ট মেইন্টেন্যান্স (SRTM)” হিসেবে আত্মপ্রকাশ করে। ৪৭ জনবল বিশিষ্ট “সুপারিনটেনডেন্ট অব রোড ট্রান্সপোর্ট মেইন্টেন্যান্স (SRTM)” এর পদগুলোর মধ্যে ১টি ‘সুপারিনটেনডেন্ট এবং ‘মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর’, ‘মেকানিক্যাল এসিসট্যান্ট’ পদগুলো উল্লেখযোগ্য ছিল। “সুপারিনটেনডেন্ট অব রোড ট্রান্সপোর্ট মেইন্টেন্যান্স (SRTM)” প্রথমে মোটরযানের ফিটনেস সার্টিফিকেট প্রদান, সরকারি গাড়ী মেরামত সংক্রান্ত পরিদর্শন রিপোর্ট প্রদান, দুর্ঘটনায় কবলিত গাড়ী পরিদর্শন, লাইসেন্স কর্তৃপক্ষের নির্দেশক্রমে ড্রাইভিং পরীক্ষার্থীদের যোগ্যতা যাচাই, রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের নির্দেশক্রমে মোটরযানের পরিদর্শন রিপোর্ট প্রদান ইত্যাদির মাধ্যমে কার্যক্রম শুরু করেন।
- ১৯৭৭ দেশের রাস্তা-ঘাট ও মোটরযানের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় ১৯৭৭ সনে “সুপারিনটেনডেন্ট অব রোড ট্রান্সপোর্ট মেইন্টেন্যান্স (SRTM)” পুনর্গঠন করে “ডাইরেক্টরেট অব রোড ট্রান্সপোর্ট মেইন্টেন্যান্স (DRTM)” নামকরণ করা হয়। এ সময়ে “ডাইরেক্টরেট অব রোড ট্রান্সপোর্ট মেইন্টেন্যান্স (DRTM)” এর জনবল ৪৭ থেকে বৃদ্ধি করে ৬২তে উন্নীত করা হয়।
- ১৯৮২ ১৯৮২ সাল পর্যন্ত ড্রাইভিং লাইসেন্স প্রদান সংক্রান্ত কাজ জেলা প্রশাসন হতে সম্পন্ন করা হত। ১৯৮২ সালের পর হতে বিআরটিএ গঠনের পূর্ব পর্যন্ত ড্রাইভিং লাইসেন্স প্রদান সংক্রান্ত কাজ পুলিশ বিভাগের উপর ন্যস্ত ছিল। পুলিশ বিভাগ কর্তৃক ড্রাইভিং লাইসেন্স প্রদানের সময় ড্রাইভিং পরীক্ষার্থীদের দক্ষতা যাচাইয়ের জন্য পৃথক একটি কম্পিউটারি বোর্ড থাকলেও এ বোর্ডের কার্যক্রম খুব একটা দেখা যেত না। লাইসেন্স কর্তৃপক্ষ (মেট্রোপলিটন এলাকার জন্য উপ-পুলিশ কমিশনার ট্রাফিক এবং জেলার জন্য পুলিশ সুপার) এর নির্দেশক্রমে সার্জেন্ট বা মোটরযান পরিদর্শক কর্তৃক ড্রাইভিং পরীক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ করা হতো।

- ১৯৮৭ বিআরটিএ গঠনের পূর্বে মোটরযান সংক্রান্ত বিভিন্ন কার্যাবলী যেমন- মোটরযান রেজিস্ট্রেশন, ফিটনেস সার্টিফিকেট প্রদান, সরকারি গাড়ী মেরামত ও অকেজো ঘোষণাকরণ, ড্রাইভিং লাইসেন্স ইস্যু ও নবায়ন, রুট পারমিট প্রদান, মোটরযানের রাজস্ব আদায় ইত্যাদি মন্ত্রণালয় ও বিভিন্ন সংস্থার উপর ন্যস্ত ছিল। মোটরযান রেজিস্ট্রেশন ও ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত কাজ পুলিশ বিভাগ, আন্তঃজেলা রুট পারমিট ও বিশেষ রেজিস্ট্রেশন সংক্রান্ত কাজ তদানিন্তন যোগাযোগ মন্ত্রণালয়ের অধীনে বাংলাদেশ ট্রান্সপোর্ট অথরিটি (BTA), আঞ্চলিক রুট পারমিট সংক্রান্ত কাজ জেলা প্রশাসন, রাজস্ব আদায় ডাকবিভাগ ও মোটরযানের ফিটনেস সার্টিফিকেট ইস্যু/নবায়ন সংক্রান্ত কাজ DRTM সম্পাদন করত। মোটরযান সংক্রান্ত কাজ একই সংস্থা থেকে সম্পাদন করার লক্ষ্যে মালিক সমিতির দাবীর প্রেক্ষিতে ১৯৮৭ সনে “ডাইরেক্টরেট অব রোড ট্রান্সপোর্ট মেইন্টেন্যান্স (DRTM)” এর ৬২ জনবলসহ মোট ২৯১ জনবল সম্বলিত বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি সৃষ্টি করা হয়।
- ১৯৯০ ১৯৮৭ সালে বিআরটিএ গঠিত হলেও বিআরটিএ’র মাধ্যমে সারাদেশে মোটরযানের ড্রাইভিং লাইসেন্স ও রেজিস্ট্রেশন প্রদানের কাজ মূলত ১৯৯০ সাল থেকে শুরু হয়।
- ১৯৯২ ১৯৯২ সালের ২৯ জানুয়ারি বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯২ গেজেট আকারে প্রকাশিত হয়।
- ১৯৯৫ গ্রাহক সেবার মানোন্নয়নের লক্ষ্যে বিআরটিএ’র কর্মপদ্ধতি কম্পিউটারাইজেশন করা হয়। জানুয়ারি/১৯৯৫ থেকে বিভিন্ন কাজকর্ম কম্পিউটারাইজেশনের মাধ্যমে সম্পন্ন করা শুরু হয়। বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় সমগ্রদেশের সাথে বিআরটিএ’র কার্যাবলি কম্পিউটার নেটওয়ার্কের আওতায় আনায়নের কার্যক্রম সম্পন্ন হয় এবং বিআরটিএ’র ওয়েবসাইট চালু করা হয়।
- ১৯৯৯ ১৯৯৯ সন হতে পেপারবুক ড্রাইভিং লাইসেন্সের পরিবর্তে হলোমগ্রামযুক্ত প্লাস্টিক কার্ড ড্রাইভিং গ্রহণ করা হয়।
- ২০০৪ বিআরটিএ রোড সেফটি সেল নামক প্রকল্পের ২০ জন কর্মকর্তা/কর্মচারীকে অস্থায়ী ভিত্তিতে রাজস্ব খাতের স্থানান্তর করার প্রস্তাবে সংস্থাপন মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হয়। অর্থ মন্ত্রণালয় কর্তৃক উক্ত ২০ জনের মধ্যে ১৯ জন জনবলের সুপারিশ করা হয়। ফলে ২০০৪ সালে বিআরটিএ’র মোট জনবলের সংখ্যা ২৯১ থেকে ৩১০ এ উন্নীত হয়। ২০০৪ সালে বিআরটিএ’র ১৯টি আঞ্চলিক অফিস এবং ৪৬টি জেলা অফিসের মাধ্যমে কার্যক্রম সম্পাদন করা হতো। ৪৬টি জেলা অফিসে অস্থায়ীভাবে কার্যক্রম পরিচালনা করা হতো। কারণ, বিআরটিএ’র বৃহত্তর জেলা ব্যতিত নবসৃষ্ট জেলায় কোনো স্থায়ী অফিস তৎকালীন সময়ে ছিল না। বৃহত্তর জেলা হতে ২/১ জন কর্মকর্তা মাসে ১ বার অথবা ২/৩ বার যেয়ে অফিস করতেন।
- ২০০৯ ২০০৯ সাল থেকে ৩৮টি জেলা ও ৫টি মেট্রো এলাকায় সার্কেল অফিস চালু করার মাধ্যমে বিআরটিএ এর কার্যক্রম গতি সঞ্চারিত হয়েছে।
- ২০১০ প্রচলিত স্ট্যাম্প, জমা ফয়েলের মাধ্যমে মোটরযানের কর ও ফি জমাদানের পরিবর্তে স্বচ্ছতা, জবাবদিহিতা প্রতিষ্ঠা এবং রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে ১৪ নভেম্বর ২০১০ তারিখ থেকে মোটরযানের যাবতীয় কর ও ফি অনলাইন ব্যাংকিং পদ্ধতিতে আদায় কার্যক্রম শুরু করা হয়। মোটরযানের রেজিস্ট্রেশন সংক্রান্ত ডাটা নিরাপদ সংরক্ষণের জন্য বিআরটিএ ইনফরমেশন সিস্টেম প্রবর্তন করা হয়।
- ২০১১ ১৭ অক্টোবর ২০১১ তারিখ থেকে ইলেকট্রনিক চিপযুক্ত হাই সিকিউরিটি স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স প্রবর্তন করা হয়।
- ২০১২ মোটরযান ব্যবস্থাপনার শৃঙ্খলা আনায়নের নিমিত্ত ম্যানুয়াল নাম্বারপ্লেটের পরিবর্তে রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ প্রবর্তন করা হয়। এছাড়া প্রচলিত পেপারবুক রেজিস্ট্রেশন সার্টিফিকেটের পরিবর্তে চিপযুক্ত অত্যাধুনিক ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রবর্তন করা হয়। মোটরযানের গতিবিধি পর্যবেক্ষণের নিমিত্ত ঢাকা শহরের গুরুত্বপূর্ণ ১২ (বার) টি ট্রাফিক পয়েন্টে পরীক্ষামূলকভাবে আরএফআইডি

স্টেশন স্থাপন করা হয়। মোটরযানের রেড্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট, আরএফআইডি ট্যাগ প্রস্তুত ও সংযোজনের জন্য এবং ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেটের জন্য মোটরযান মালিকের বায়োমেট্রিক প্রদান এবং সংগ্রহের জন্য এসএমএস সিস্টেম প্রবর্তন করা হয়।

- ২০১৪ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের এমপি কর্তৃক গত ৪ এপ্রিল ২০১৪খ্রি: তারিখে ‘বিআরটিএ ভবন’ নির্মাণ কাজের শুভ উদ্বোধন ও ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়।
- ২০১৬ কোইকা’র কারিগরি ও আর্থিক সহায়তায় বিআরটিএ সদর কার্যালয়ে আধুনিক ডাটা সেন্টার এবং ওয়েব পোর্টাল স্থাপন করা হয়। এছাড়া ঢাকার মিরপুরস্থ বিআরটিএ অফিসে স্বয়ংক্রিয়ভাবে মোটরযানের ফিটনেস সনদ নবায়নের জন্য ভেহিক্যাল ইনসপেকশন সেন্টার চালু করা হয়। পুশপুল এসএমএস এর মাধ্যমে মোটরযান ও ড্রাইভিং লাইসেন্সের তথ্য জানার সুযোগ তৈরী করা হয়। ২০১৬ সাল থেকে অত্যাধুনিক পলিকার্বনেট ডুয়েল ইন্টারফেজ (Contact and contactless) স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স চালু করা হয়েছে। ২০১৬ সালের ৯ই মে বিআরটিএ কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা-১৯৯২ (সংশোধিত) গেজেট আকারে প্রকাশিত হয়।
- ২০১৭ ২০১৭ সালের ১৯ জুলাই বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ আইন গেজেট আকারে প্রকাশিত হয়। বিআরটিএ’র বর্তমান সাংগঠনিক কাঠামো অনুযায়ী অনুমোদিত জনবলের সংখ্যা ৮২৩ জন। এর মধ্যে বিআরটিএ সদর কার্যালয়সহ বিভাগীয় অফিস এবং সার্কেল অফিসে ৬৫৬ জন কর্মকর্তা/কর্মচারী কর্মরত আছেন। বিআরটিএ’র ০৭ (সাত)টি বিভাগীয় অফিস, ৫৭ (সাতান্ন)টি জেলা সার্কেল অফিস এবং ৫ (পাঁচ)টি মেট্রো সার্কেল অফিসের মাধ্যমে কার্যক্রম পরিচালিত হচ্ছে। ৫৭ (সাতান্ন)টি জেলা সার্কেল অফিসের মধ্যে ৫০ (পঞ্চাশ)টি পৃথক সার্কেল অফিস এবং ০৭ (সাত)টি জোড়া সার্কেল অফিস। ০৭ (সাত)টি জোড়া সার্কেল অফিস হলো চুয়াডাঙ্গা+মেহেরপুর, মাদারীপুর+শরীয়তপুর, কুড়িগ্রাম+লালমনিরহাট, পঞ্চগড়+ঠাকুরগাঁও, যশোর+নড়াইল, পিরোজপুর+ঝালকাঠি, পটুয়াখালী+বরগুনা।
- ২০১৮ ৫৭টি জেলা সার্কেলের মধ্যে ৭টি সংযুক্ত সার্কেল (২টি জেলা নিয়ে) রয়েছে। উক্ত ৭টি সংযুক্ত সার্কেলকে বিভক্ত করে আলাদাভাবে যথা- মেহেরপুর, পঞ্চগড়, লালমনিরহাট, শরীয়তপুর, নড়াইল, ঝালকাঠি ও বরগুনা জেলায় নতুন সার্কেল অফিস স্থাপনের প্রস্তাব সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। নবসৃষ্ট ময়মনসিংহ বিভাগে বিআরটিএ, ময়মনসিংহ বিভাগীয় কার্যালয় সৃষ্টির উদ্যোগ নেয়া হচ্ছে।

রূপকল্প (Vision):

ডিজিটাল ও টেকসই সড়ক পরিবহন ব্যবস্থা।

অভিলক্ষ্য (Mission):

দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে একটি ডিজিটাল সমৃদ্ধ, টেকসই, পরিবশে বাকব, সাশ্রয়ী, নিরাপদ ও আরামদায়ক সড়ক পরিবহন ব্যবস্থা গড়ে তোলা।

কার্যাবলি (Functions):

১. মোটরযান চালনার ড্রাইভিং লাইসেন্স, মোটরযানের রেজিস্ট্রেশন, ফিটনেস সার্টিফিকেট, ড্রাইভিং ইনস্ট্রাক্টর লাইসেন্স, রুটপারমিট ইত্যাদি প্রদান;
২. মোটরযান প্রস্তুতকারী ও সংযোজনকারী প্রতিষ্ঠান, মোটরযান বিক্রয়কারী প্রতিষ্ঠান, মোটরযান ওয়ার্কশপ, ড্রাইভিং প্রশিক্ষণ স্কুল, মোটরযান দূষণ পরীক্ষাকারী প্রতিষ্ঠান ইত্যাদির রেজিস্ট্রেশন প্রদান;
৩. যাত্রী ও পণ্য পরিবহণ সার্ভিস কার্যক্রম তদারকি ও নিয়ন্ত্রণ;
৪. সরকারি মোটরযান মেরামত ও অকেজো ঘোষণার নিমিত্ত পরিদর্শন প্রতিবেদন প্রদান;
৫. সড়ক দুর্ঘটনায় জড়িত মোটরযানের পরিদর্শন প্রতিবেদন প্রদান;
৬. সড়ক নিরাপত্তা সম্পর্কিত কার্যক্রম গ্রহণ;
৭. ট্রাফিক চিহ্ন, সংকেত, গতিসীমা ইত্যাদি নির্ধারণ;
৮. ঢাকা পরিবহণ সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) অধিক্ষেত্র ব্যতীত অন্যান্য এলাকায় সমন্বিত রুটনেটওয়ার্ক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;
৯. মোটরযানের টাইপ ও শ্রেণির নমুনা অনুমোদন এবং তদনুযায়ী নির্মাণ ও চলাচল নিয়ন্ত্রণ;
১০. মোটরযানের এক্সেল লোড ও ওজনসীমা নির্ধারণ ও নিয়ন্ত্রণ;
১১. আঞ্চলিক পরিবহণ কমিটি গঠন ও ইহার কার্যক্রম তদারকি, পরিবীক্ষণ ও সমন্বয়;
১২. মোটরযানের কর ও ফি আদায় এবং সরকারের পূর্বানুমতিক্রমে মোটরযানের ফি নির্ধারণ;
১৩. গণপরিবহনের ভাড়া নির্ধারণ সংক্রান্ত সুপারিশ প্রণয়ন;
১৪. যে কোন এলাকা বা অধিক্ষেত্রের মধ্যে সরকারের পূর্বানুমতিক্রমে মোটরযান ও গণপরিবহনের সংখ্যা নির্ধারণ ও নিয়ন্ত্রণ;
১৫. উপরি-উক্ত কোন বিষয়ের সহিত প্রাসঙ্গিক অন্য যে কোন কাজ; এবং
১৬. সরকার কর্তৃক সংশ্লিষ্ট অন্য কোনো আইন, বিধি, প্রবিধান দ্বারা প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

এসডিজি (টেকসই উন্নয়ন অভীষ্ট):

United Nations Decade of Action for Road Safety ২০১১-২০২০ এবং জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) ২০৩০-এর Goal-3.6 অনুযায়ী বাংলাদেশ ২০২০ সালের মধ্যে সড়ক দুর্ঘটনায় আহত ও নিহতের সংখ্যা অর্ধেক নামিয়ে আনতে অঙ্গীকারাবদ্ধ। টেকসই উন্নয়ন অভীষ্টের নিম্নোক্ত লক্ষ্যমাত্রা অর্জনে এ অথরিটি, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সাথে কাজ করছে।

Goal-3 : Ensure healthy lives and promote well-being for all at all ages.

Target-3.6 : By 2020 halve the number of global deaths and injuries from road traffic accidents.

লক্ষ্যমাত্রা ৩.৬: সব বয়সী সকলের উন্নত জীবনমান ও স্বাস্থ্যকর জীবন নিশ্চিত করার জন্য ২০২০ সালের মধ্যে সড়ক দুর্ঘটনায় আহত ও নিহতের সংখ্যা অর্ধেক নামিয়ে আনা।

উল্লেখিত লক্ষ্য অর্জনে ইতোমধ্যে বিআরটিএ কর্তৃক মোটরযানের ফিটনেস নবায়ন প্রক্রিয়া স্বয়ংক্রিয়ভাবে করার লক্ষ্যে ভেহিক্যাল ইনসপেকশন সেন্টার স্থাপন, ১৭টি বৃহত্তর জেলায় মাল্টিপারপাস ট্রেনিং এন্ড টেস্টিং সেন্টার স্থাপন, সড়ক নিরাপত্তামূলক কার্যক্রম ব্যাপকভাবে গ্রহণ করা হয়েছে।

সিটিজেন চার্টারঃ

১। ভিশন ও মিশন

- **ভিশন**

একটি ডিজিটাল ও টেকসই সড়ক পরিবহন নিয়ন্ত্রণ ব্যবস্থা।

- **মিশন**

দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে একটি ডিজিটাল, টেকসই, পরিবেশবান্ধব, সাশ্রয়ী ও আরামদায়ক সড়ক পরিবহন নিয়ন্ত্রণ ব্যবস্থা গড়ে তোলা।

২। সেবা প্রদান প্রতিশ্রুতি

২.১। নাগরিক সেবা

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ইমেইল)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১।	শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স ইস্যু (অপেশাদার)	গ্রাহকের বর্তমান/স্থায়ী ঠিকানা অনুযায়ী বিআরটিএ'র সংশ্লিষ্ট সার্কেল অফিসে আবেদন করতে হয়। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ শিক্ষানবিশলাইসেন্স ইস্যু করবে।	(১) পূরণকৃত নির্ধারিত আবেদনফর্ম (ফর্ম ডাউনলোড লিংক : https://goo.gl/wE4CV1); (২) নির্ধারিত ফি জমাদানের রশিদ, (৩) রেজিস্টার্ড ডাক্তার কর্তৃক মেডিকেল সার্টিফিকেট; (৪) ন্যাশনাল আইডি কার্ড / জন্ম সনদ/ পাসপোর্ট-এর সত্যায়িত ফটোকপি ; (৫) সদ্য তোলা ০৩ কপি স্ট্যাম্প সাইজ ও ০১ কপি পাসপোর্ট সাইজ ছবি; (৬) অস্থায়ী ঠিকানার প্রয়োজনীয় প্রমাণক (ভাড়ার চুক্তিপত্র/ইউটিলিটি বিলের কপি);	ক) মোটরসাইকেল অথবা হালকা মোটরযান - ৩৪৫/- টাকা (ভ্যাটসহ) খ) মোটরসাইকেল ও হালকা মোটরযান - ৫১৮/- টাকা (ভ্যাটসহ) [ফি জমাদানের জন্য ব্যাংকের তালিকার লিংক: http://goo.gl/TdG6Bs অথবা অনলাইনে ফি জমাদানের লিংক: www.ipaybrta.cnsbd.com]	০১ দিন	সহকারী পরিচালক(ইঞ্জি:) ও লাইসেন্সিং কর্তৃপক্ষ বিআরটিএ সার্কেল অফিস
২।	শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স ইস্যু (পেশাদার)	গ্রাহকের বর্তমান/স্থায়ী ঠিকানা অনুযায়ী বিআরটিএ'র সংশ্লিষ্ট সার্কেল অফিসে আবেদন করতে হয়। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ শিক্ষানবিশলাইসেন্স ইস্যু করবে।	(১) পূরণকৃত নির্ধারিত আবেদন ফর্ম (ফর্ম ডাউনলোড লিংক : https://goo.gl/wE4CV1); (২) নির্ধারিত ফি জমাদানের রশিদ, (৩) রেজিস্টার্ড ডাক্তার কর্তৃক মেডিকেল সার্টিফিকেট; (৪) ন্যাশনাল আইডি কার্ড / জন্ম সনদ/ পাসপোর্ট-এর সত্যায়িত ফটোকপি ; (৫) সদ্য তোলা ০৩ কপি স্ট্যাম্প ও ০১ কপি পাসপোর্ট সাইজ ছবি; (৬) অস্থায়ী ঠিকানার প্রয়োজনীয় প্রমাণক (ভাড়ার চুক্তিপত্র / ইউটিলিটি বিলের কপি);	প্রি-হিলার অথবা হালকা মোটরযান - ৩৪৫/- টাকা (ভ্যাটসহ) [ফি জমাদানের জন্য ব্যাংকের তালিকার লিংক: http://goo.gl/TdG6Bs অথবা অনলাইনে ফি জমাদানের লিংক: www.ipaybrta.cnsbd.com]	০১ দিন	সহকারী পরিচালক(ইঞ্জি:) ও লাইসেন্সিং কর্তৃপক্ষ বিআরটিএ সার্কেল অফিস

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ইমেইল)
৩।	শিক্ষানবিশ ডাইভিং লাইসেন্স নবায়ন	শিক্ষানবিশ ডাইভিং লাইসেন্স নবায়নের জন্য গ্রাহককে বিআরটিএ'র সংশ্লিষ্ট সার্কেল অফিসে আবেদন করতে হয়।	(১) পূরণকৃত আবেদন ফর্ম (ফর্ম ডাউনলোড লিংক : https://goo.gl/wE4CV1) (২) নির্ধারিত ফি জমাদানের রশিদ, (৩) লার্নার লাইসেন্স-এর ফটোকপি;	নবায়ন ফি ১৭৩/- টাকা (ভ্যাটসহ)। [ফি জমাদানের জন্য ব্যাংকের তালিকার লিংক: http://goo.gl/TdG6Bs অথবা অনলাইনে ফি জমাদানেরলিংক: www.ipaybrta.cnsbd.com]	০১ দিন	সহকারী পরিচালক(ইঞ্জি:) ও লাইসেন্সিং কর্তৃপক্ষ বিআরটিএ সার্কেল অফিস
৪।	ডাইভিং লাইসেন্স ইস্যু (অপেশাদার)	বিআরটিএ'র সংশ্লিষ্ট সার্কেল অফিসে আবেদন করতে হয়। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ডাইভিং লাইসেন্স ইস্যু করবে।	(১) পূরণকৃত নির্ধারিত আবেদন ফর্ম (ফর্ম ডাউনলোড লিংক : https://goo.gl/wE4CV1); (২) ডাইভিং কম্পিটেন্সি পরীক্ষায় উত্তীর্ণের প্রমানক; (৩) নির্ধারিত ফি জমাদানের রশিদ, (৪) সদ্য তোলা পাসপোর্ট সাইজ ০৩ কপি রঞ্জীন ছবি;	স্মার্ট কার্ড অপেশাদার লাইসেন্স ২৫৪২/- টাকা (ভ্যাটসহ)। [ফি জমাদানের জন্য ব্যাংকের তালিকার লিংক: http://goo.gl/TdG6Bs অথবা অনলাইনে ফি জমাদানেরলিংক: www.ipaybrta.cnsbd.com]	৩০ কার্যদিবস	সহকারী পরিচালক(ইঞ্জি:) ও লাইসেন্সিং কর্তৃপক্ষ বিআরটিএ সার্কেল অফিস
৫।	ডাইভিং লাইসেন্স ইস্যু (পেশাদার)	বিআরটিএ'র সংশ্লিষ্ট সার্কেল অফিসে আবেদন করতে হয়। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ডাইভিং লাইসেন্স ইস্যু করবে।	(১) পূরণকৃত নির্ধারিত আবেদন ফর্ম (ফর্ম ডাউনলোড লিংক : https://goo.gl/wE4CV1); (২) ডাইভিং কম্পিটেন্সি পরীক্ষায় উত্তীর্ণের প্রমানক; (৩) নির্ধারিত ফি জমাদানের রশিদ, (৪) পুলিশ ভেরিফিকেশনের সন্তোষজনক প্রতিবেদন; (৫) সদ্যতোলা পাসপোর্ট সাইজ ০৩ কপি রঞ্জীন ছবি;	স্মার্ট কার্ড পেশাদার লাইসেন্স ১৬৭৯/- টাকা (ভ্যাটসহ)। [ফি জমাদানের জন্য ব্যাংকের তালিকার লিংক: http://goo.gl/TdG6Bs অথবা অনলাইনে ফি জমাদানেরলিংক: www.ipaybrta.cnsbd.com]	৩০ কার্যদিবস	সহকারী পরিচালক(ইঞ্জি:) ও লাইসেন্সিং কর্তৃপক্ষ বিআরটিএ সার্কেল অফিস
৬।	ডাইভিং লাইসেন্স নবায়ন (অপেশাদার)	ডাইভিং লাইসেন্স নবায়নের জন্য গ্রাহককে বিআরটিএ'র সংশ্লিষ্ট সার্কেল অফিসে আবেদন করতে হয়।	(১) পূরণকৃত নির্ধারিত আবেদন ফর্ম (ফর্ম ডাউনলোড লিংক : https://goo.gl/wE4CV1); (২) নির্ধারিত ফি জমাদানের রশিদ, (৩) সদ্যতোলা পাসপোর্ট সাইজ ০২ কপি রঞ্জীন ছবি;	স্মার্ট কার্ড অপেশাদার লাইসেন্স ২৫৪২/- টাকা (ভ্যাটসহ)। [ফি জমাদানের জন্য ব্যাংকের তালিকার লিংক: http://goo.gl/TdG6Bs অথবা অনলাইনে ফি জমাদানেরলিংক: www.ipaybrta.cnsbd.com]	৩০ কার্যদিবস	সহকারী পরিচালক(ইঞ্জি:) ও লাইসেন্সিং কর্তৃপক্ষ বিআরটিএ সার্কেল অফিস

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ইমেইল)
৭।	ডাইভিং লাইসেন্স নবায়ন (পেশাদার)	পেশাদার ডাইভিং লাইসেন্স নবায়নের জন্য গ্রাহককে বিআরটিএ'র সংশ্লিষ্ট সার্কেল অফিসে আবেদন করতে হয়।	(১) পূরণকৃত নির্ধারিত আবেদন নফর্ম (ফর্ম ডাউনলোড লিংক : https://goo.gl/wE4CV1); (২) ডাইভিং কম্পিটেন্সি পরীক্ষায় উত্তীর্ণের প্রমানক; (৩) নির্ধারিত ফি জমা দানের রশিদ, (৪) রেজিস্টার্ড ডাক্তার কর্তৃক মেডিকেল সার্টিফিকেট দাখিল; (৫) সদ্য তোলা পাসপোর্ট সাইজ ০২ কপি রঞ্জীন ছবি;	স্মার্ট কার্ড পেশাদার লাইসেন্স ১৬৭৯/- টাকা (ভ্যাটসহ)। [ফি জমাদানের জন্য ব্যাংকের তালিকার লিংক: http://goo.gl/TdG6Bs অথবা অনলাইনে ফি জমাদানেরলিংক: www.ipaybrta.cnsbd.com]	৩০ কার্যদিবস	সহকারী পরিচালক(ইঞ্জি:) ও লাইসেন্সিং কর্তৃপক্ষ বিআরটিএ সার্কেল অফিস
৮।	মোটরযানের রেজিস্ট্রেশন (মোটরসাইকেল)	সেবাগ্রহণকারীকে সংশ্লিষ্ট বিআরটিএ অফিসে নির্ধারিত ফরমে প্রয়োজনীয় কাগজপত্রসহ মোটরসাইকেলের নিবন্ধনের জন্য আবেদন করতে হয়। আবেদনটি যাচাই-বাছাই করে সঠিক পাওয়াগেলে গ্রাহককে প্রয়োজনীয় রেজিস্ট্রেশন ফি জমা প্রদান করতে হয়। মোটরসাইকেলটি পরিদর্শন করার পর মোটরযান পরিদর্শকের সুপারিশ সাপেক্ষে সহকারী পরিচালক(ইঞ্জি:) কর্তৃক রেজিস্ট্রেশনের প্রদান করা হয়।	(১) মালিক ও আমদানিকারক/ডিলার কর্তৃক যথাযথভাবে পূরণ ও স্বাক্ষর করা নির্ধারিত আবেদনপত্র (ফর্ম ডাউনলোড লিংক : https://goo.gl/3dyTNX); (ক) একাধিক ব্যক্তি যৌথভাবে কোনো মোটরসাইকেলের মালিক হলে সে-ক্ষেত্রে একজনের নামে রেজিস্ট্রেশনের জন্য সকলের সম্মতি সম্বলিত হলফনামা; (খ) প্রতিষ্ঠান/কোম্পানির ক্ষেত্রে স্বাক্ষর ও সিলমোহর; (গ) ব্যাংক অথবা অর্থলগ্নি প্রতিষ্ঠানের সাথে গাড়ীর মালিকানার আর্থিক সংশ্লিষ্টতা থাকলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্যাডেরেজিস্ট্রেশন কর্তৃপক্ষ বরাবর আবেদন; (২) বিল অব এন্ট্রি, ইনভয়েস, বিল অব লেডিং ও এলসিএ কপি; (৩) সেল সার্টিফিকেট /সেল ইন্টিমেশন/বিক্রয় প্রমাণপত্র (আমদানিকারক/বিক্রেতা প্রদত্ত); (৪) প্যাকিং লিস্ট, ডেলিভারী চালান ও গেইট পাশ (সিকেডি গাড়ীর ক্ষেত্রে); (৫) বিদেশি নাগরিকের নামে রেজিস্ট্রেশন হলে বাংলাদেশের ওয়ার্ক পারমিট এবংভিসার মেয়াদের কপি; (৬) বিক্রয়ারী প্রতিষ্ঠানের ভ্যাট পরিশোধের চালান; (৮) প্রযোজ্য রেজিস্ট্রেশন ফি জমাদানের রসিদ; (৯) ব্যক্তি মালিকানাধীন আবেদনকারীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট/ টেলিফোন বিল/ বিদ্যুৎ বিল ইত্যাদির যে-কোনটির সত্যায়িত ফটোকপি এবং মালিক প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠানের প্যাডে পত্র;	নিবন্ধনকালে প্রযোজ্য ফি: (ক) মোটরসাইকেলের ওজন ৯০ কেজি বা এর কম এবং ইঞ্জিন ক্যাপাসিটি ১০০সিসি বা এর কম হলে সর্বমোট ফি ৯,৩১৩/- । পরবর্তী ২ বছর পরপর প্রতিকিস্তি ১১৫০/- টাকা করে ৪টি কিস্তিতে অবশিষ্ট ৪৬০০/- টাকা রোড ট্যাক্স পরিশোধ করতে হবে। (খ) মোটরসাইকেলের ওজন ৯০কেজির বেশী ও ইঞ্জিন ক্যাপাসিটি ১০০ সিসি বা এর কম হলে সর্বমোট ফি ১০,৪৬৩/- । পরবর্তী ২ বছর পরপর প্রতিকিস্তি ২৩০০/- টাকা করে ৪টি কিস্তিতে অবশিষ্ট ৯২০০/- টাকা রোড ট্যাক্স পরিশোধ করতে হবে। (গ) মোটরসাইকেলের ওজন ৯০কেজি বা এর কম এবং ইঞ্জিন ক্যাপাসিটি ১০০সিসি'র বেশী হলে সর্বমোট ফি ১০,৯২৩/- । পরবর্তী ২ বছর পরপর প্রতিকিস্তি ১১৫০/- টাকা করে ৪টি কিস্তিতে অবশিষ্ট ৪৬০০/- টাকা রোড	০১ কার্যদিবস	সহকারী পরিচালক(ইঞ্জি:) ও রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ বিআরটিএ সার্কেল অফিস

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ইমেইল)
				<p>ট্যাক্স পরিশোধ করতে হবে।</p> <p>(ঘ) মোটরসাইকেলের ওজন ৯০কেজির বেশী ও ইঞ্জিন ক্যাপাসিটি ১০০ সিসি'র বেশী হলে সর্বমোট ফি ১২,০৭৩/। পরবর্তী ২ বছর পরপর প্রতিক্রিষ্টি ২৩০০/- টাকা করে ৪টি কিস্তিতে অবশিষ্ট ৯২০০/- টাকা রোড ট্যাক্স পরিশোধ করতে হবে।</p> <p>[ফি জমাদানের জন্য ব্যাংকের তালিকার লিংক: http://goo.gl/TdG6Bs অথবা অনলাইনে ফি জমাদানেরলিংক: www.ipaybrta.cnsbd.com]</p>		
৯।	মোটরযানের রেজিস্ট্রেশন (মোটরসাইকেল ব্যতিত)	সেবাগ্রহণকারীকে সংশ্লিষ্ট বিআরটিএ অফিসে নির্ধারিত ফরমে প্রয়োজনীয় কাগজপত্রসহ মোটরসাইকেলের নিবন্ধনের জন্য আবেদন করতে হয়। আবেদনটি যাচাই-বাছাই করে সঠিক পাওয়াগেলে গ্রাহককে প্রয়োজনীয় রেজিস্ট্রেশন ফি জমা প্রদান করতে হয়। মোটরসাইকেলটি পরিদর্শন করার পর মোটরযান পরিদর্শকের সুপারিশ সাপেক্ষে সহকারী পরিচালক(ইঞ্জি:) কর্তৃক রেজিস্ট্রেশনের প্রদান করা হয়।	<p>(১) মালিক ও আমদানিকারক/ডিলার কর্তৃক যথাযথভাবে পূরণ ও স্বাক্ষর করা নির্ধারিত আবেদনপত্র (H-Form) (ফর্ম ডাউনলোড লিংক : https://goo.gl/3dyTNX);</p> <p>(২) ব্যক্তি মালিকানাধীন আবেদনকারীর ক্ষেত্রে</p> <p>(ক)জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট সত্যায়িত ফটোকপি;</p> <p>(খ)ঠিকানার প্রমানক হিসেবেইউটিলিটি বিল (টেলিফোন বিল/বিদ্যুৎ বিল ইত্যাদি) এর সত্যায়িত ফটোকপি;</p> <p>(গ) একাধিক ব্যক্তি যৌথভাবে কোনো গাড়ীর মালিক হলে সে-ক্ষেত্রে একজনের নামে রেজিস্ট্রেশনের জন্য সকলের সম্মতি সম্বলিত হলফনামা;</p> <p>(৩) মালিক প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠানের লেটারহেড প্যাডে চিঠি;</p> <p>(৪) ব্যাংক অথবা অর্থলগ্নি প্রতিষ্ঠানের সাথে গাড়ীর মালিকানার আর্থিক সংশ্লিষ্টতা থাকলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্যাডে রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ বরাবর আবেদন;</p> <p>(৫) বিল অব এন্ট্রি (মূলকপি); এক কপিতে একাধিক গাড়ীর বর্ণনা থাকলে মূলকপি প্রদর্শনপূর্বক সংশ্লিষ্ট</p>	<p>মোটরযানের রেজিস্ট্রেশনের সময় প্রদেয় মোট ফি গাড়ীর সিসি, সিট সংখ্যা, বোঝাই গাড়ীর ওজন ইত্যাদির উপর ভিত্তি করে নির্ধারণ করা রয়েছে, যার তালিকা বিআরটিএর ওয়েব (www.brta.gov.bd) সাইটে রয়েছে।</p> <p>১। মোটরযানের প্রকৃতি ও সিসি অনুযায়ী নিবন্ধন ফি ভিন্ন ভিন্ন হয়। (ফি-এর পূর্ণ তালিকার লিংক: https://goo.gl/FQMbGw)</p> <p>[এ ক্ষেত্রে ১৫% ভ্যাট প্রযোজ্য হবে]</p> <p>২। ডিআরসি ফি ৫৫৫/- (ভ্যাটসহ)</p> <p>৩। নাম্বার প্লেট ফি (ভ্যাটসহ)</p> <p>(ক) থ্রি-ইইলার ২২৬০/-</p> <p>(খ) অন্যান্য</p>	০১ কার্যদিবস	সহকারী পরিচালক(ইঞ্জি:) ও রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ বিআরটিএ সার্কেল অফিস

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ইমেইল)
			<p>রেজিস্ট্রেশন কর্তৃপক্ষকর্তৃক সত্যায়িত কপি;</p> <p>(৬) ইনভয়েন্স, বিল অব লেডিং-এর কাস্টমস কর্তৃক সত্যায়িতকপি;</p> <p>(৭) সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক সত্যায়িতএলসিএ কপি;</p> <p>(৮) সেল সার্টিফিকেট/সেল ইন্টিমেশন/বিক্রয় প্রমাণপত্র(আমদানিকারক/বিক্রেতা কর্তৃক প্রদত্ত);</p> <p>(৯) প্যাকিং লিস্ট, ডেলিভারী চালান ও গেইট পাশ (সিকেডি গাড়ীর ক্ষেত্রে);</p> <p>(১০) আবেদনকারীর TIN/e-TIN সার্টিফিকেট-এর ফটোকপি;</p> <p>(১১) বিদেশি নাগরিকের নামে রেজিস্ট্রেশন হলে বাংলাদেশের ওয়ার্ক পারমিট এবংভিসার মেয়াদের কপি;</p> <p>(১২) (ক) মুসক-১ (প্রযোজ্য ক্ষেত্রে), (খ) মুসক-১১(ক)/ভ্যাট (প্রযোজ্য ক্ষেত্রে), (গ) ভ্যাট পরিশোধের চালান(প্রযোজ্য ক্ষেত্রে)</p> <p>(১৩) প্রস্তুতকারক/বিআরটিএ কর্তৃক অনুমোদিত বডি ও আসন ব্যবস্থার স্পেসিফিকেশন সম্বলিত ড্রইং (বাস, ট্রাক, হিউম্যান হলার, ডেলিভারী ভ্যান, অটো টেম্পু ইত্যাদি মোটরযানের ক্ষেত্রে);</p> <p>(১৪) সিকেডি মোটরযানের ক্ষেত্রে বিআরটিএ'র টাইপ অনুমোদন ও অনুমোদিত সংযোজনী তালিকা;</p> <p>(১৫) বডি ভ্যাট চালান ও ভ্যাট পরিশোধের রসিদ (প্রযোজ্য ক্ষেত্রে);</p> <p>(১৬) প্রয়োজনীয় ফি জমাদানের রশিদসমূহ (বিআরটিএ কপি);</p> <p>(১৭) রিকন্ডিশন মোটরযান রেজিস্ট্রেশনের ক্ষেত্রে নিম্নোক্ত অতিরিক্ত কাগজপত্র প্রয়োজন হবে-</p> <p>(ক) 'টিও' ফরম (ক্রেতা কর্তৃক স্বাক্ষরিত), 'টিটিও' ফরম ও বিক্রয় রসিদ (আমদানিকারক কর্তৃক স্বাক্ষরিত)।</p> <p>(খ) ডি-রেজিস্ট্রেশন সার্টিফিকেটের মূল কপি এবং ডি-রেজিস্ট্রেশনের ইংরেজি অনুবাদের সত্যায়িত কপি (সার্টিফিকেট অব ক্যানসেলেশন এর সত্যায়িত কপি);</p>	<p>৪৬২৮/-</p> <p>২। ফিটনেস ফি (ভ্যাটসহ)</p> <p>(ক) হালকা গাড়ী: ১০৮৭/-</p> <p>(খ) ভারি গাড়ী: ১৬০৫/-</p> <p>৩। মোটরযানের প্রকৃতি, আসন সংখ্যা অথবা বোঝাই গাড়ীর ওজন এরউপর ভিত্তি করে রোড ট্যাক্স ভিন্ন ভিন্ন হয় (পূর্ণ তালিকার লিংক: https://goo.gl/JRWBP)</p> <p>[এ ক্ষেত্রে ১৫% ভ্যাট প্রযোজ্য হবে]</p> <p>৪। মোটরযানের প্রকৃতির উপর ভিত্তি করে অনুমিত অগ্রিম আয়কর ভিন্ন ভিন্ন হবে (পূর্ণ তালিকার লিংক: https://goo.gl/iKVNCM)</p> <p>[ফি জমাদানের জন্য ব্যাংকের তালিকার লিংক: http://goo.gl/TdG6Bs অথবা অনলাইনে ফি জমাদানেরলিংক: www.ipaybrta.cnsbd.com]</p> <p>বি:দ্র: (ক)রিকন্ডিশন মোটরযান রেজিস্ট্রেশনের ক্ষেত্রে উপরোক্ত ফি এর সাথে মালিকানা বদলী ফি যোগ করতে হবে, যা রেজিস্ট্রেশন ফি এর ৩ ভাগের ১ ভাগ।</p> <p>(খ) ব্যাংক অথবা অর্থলগ্নি প্রতিষ্ঠানের সাথে গাড়ীর মালিকানার আর্থিক সংশ্লিষ্টতা থাকলে উপরোক্ত ফি এর সাথে Hire Purchase (H/P) ফি ১৭২৫/- (ভ্যাটসহ) যোগ করতে হবে।</p>		

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ইমেইল)
১০	মোটরযানের মালিকানা বদলী	সেবাগ্রহণকারী সংশ্লিষ্ট বিআরটিএ অফিসে নির্ধারিত ফরমে প্রয়োজনীয় কাগজপত্র ও ফিসহ আবেদন করতে হবে এবং মোটরযান ও পূর্বের মালিক(বিক্রেতা)-কে বিআরটিএ সার্কেল অফিসে হাজির হতে হবে। মোটরযান পরিদর্শকের সুপারিশ সাপেক্ষে সহকারী পরিচালক(ইঞ্জি:) কর্তৃক মালিকানা বদল করা হয়।	১) যথাযথভাবে পূরণকৃত 'টিও', 'টিটিও' ফরম এবং বিক্রয় রশিদ; ২) নির্ধারিত ফি জমা রশিদের বিআরটিএ'র কপি; ৩) ক্রেতার টিন (TIN) সার্টিফিকেট এবং বর্তমান ঠিকানার স্বপক্ষে ইউটিলিটি (টেলিফোন/বিদ্যুৎ/গ্যাস ইত্যাদি) বিলের সত্যায়িত ফটোকপি দাখিল; ৪) ক্রেতা ও বিক্রেতা উভয়ের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি; ৫) মূল রেজিস্ট্রেশন সার্টিফিকেট (ব্লু-বুক) এর উভয়ের মূল কপি অথবা ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট; ৬) হালনাগাদ ট্যাক্স-টোকেন, ফিটনেস, রুট পারমিট (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত ফটোকপি; ৭) ছবিসহ ২০০/- টাকা অথবা সরকার নির্ধারিত নন-জুডিশিয়াল স্ট্যাম্প ক্রেতা ও ক্রেতার পৃথক পৃথক হলফনামা; ৮) তিনকপি স্ট্যাম্প সাইজের রজিান ছবিসহ নির্ধারিত নমুনা স্বাক্ষর ফরমের সকল তথ্য ইংরেজি BLOCK LETTER এ পূরণ করে ক্রেতার নমুনা স্বাক্ষর; ৯) ক্রেতা যদি কোনো প্রতিষ্ঠান হয় তাহলে হলফনামার পরিবর্তে অফিসিয়াল প্যাডে চিঠি/ ইন্টিমেশন; ১০) বিক্রেতা কোম্পানী হলে কোম্পানীর লেটার হেড প্যাডে ইন্টিমেশন, বোর্ড রেজুলেশন ও অথরাইজেশনপত্র; ১১) মোটরযানটি ব্যাংক অথবা অন্য কোন প্রতিষ্ঠানের নিকট দায়বদ্ধ থাকলে দায়বদ্ধকারী প্রতিষ্ঠানের ঋণ পরিশোধ সংক্রান্ত ছাড়পত্র, লোন এ্যাডজাস্টমেন্ট স্টেটমেন্ট, ব্যাংক কর্তৃক সহকারী পরিচালক(ইঞ্জিঃ) বিআরটিএ বরাবর অনুরোধ পত্র এবং ২০০/- টাকা অথবা সরকার নির্ধারিত নন জুডিশিয়াল স্ট্যাম্প ব্যাংক কর্তৃকের হলফনামা; ১২) বিদেশি নাগরিকের নামে মালিকানা বদলি হলে বাংলাদেশের ওয়ার্ক পারমিট এবং ভিসার মেয়াদের কপি;	ক) (i) মোটরযানের মালিকানা বদলী ফি মোটরযানের রেজিস্ট্রেশন ফি-এর ৩ ভাগের ১ ভাগ। [এ ক্ষেত্রে ১৫% ভ্যাট প্রযোজ্য হবে] (রেজিস্ট্রেশন ফি তালিকার লিংক: https://goo.gl/FQMBGw)। অথবা (ii) ব্যাংক অথবা অর্থলগ্নি প্রতিষ্ঠানের সাথে গাড়ীর মালিকানার আর্থিক সংশ্লিষ্টতা থাকলে Hire Purchase (H/P) withdrawal ফি ৮৬৩/- (ভ্যাটসহ) যোগ করতে হবে। খ) ডিআরসি ফি ৫৫৫/- (ভ্যাটসহ) গ) প্রতিলিপি ফি ৩৪৫/- (ভ্যাটসহ) [ফি জমাদানের জন্য ব্যাংকের তালিকার লিংক: http://goo.gl/TdG6Bs অথবা অনলাইনে ফি জমাদানের লিংক: www.ipaybrta.cnsbd.com]	৩০ কার্যদিবস	সহকারী পরিচালক(ইঞ্জি:) ও রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ বিআরটিএ সার্কেল অফিস

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ইমেইল)
১১।	মোটরযানের রুট পারমিট ইস্যু ও নবায়ন	সেবাগ্রহণকারী সংশ্লিষ্ট বিআরটিএ অফিসে নির্ধারিত ফরমে প্রয়োজনীয় কাগজপত্র ও ফিসহ তার মোটরযানের রুটপারমিট ইস্যু/নবায়নের জন্য আবেদন করেন। অতঃপর বিআরটিএ অফিস কর্তৃক আবেদন যাচাই-বাছাই করে সঠিক পাওয়া গেলে আঞ্চলিক পরিবহন কমিটি (আরটিসি)-তে উপস্থাপন করা হয়। কমিটি কর্তৃক অনুমোদিত হলে সদস্যসচিব (সহকারী পরিচালক) রুট পারমিট ইস্যু/নবায়ন করে গ্রাহককে সরবরাহ করা হয়।	১। নির্ধারিত ফরমে আবেদনপত্র পূরণ ও স্বাক্ষর(আবেদন ফরমের লিংক: https://goo.gl/HVcCv3); ২। প্রয়োজনীয় ফি প্রদানের রশিদ; ৩। চালকের নিয়োগপত্র ও ড্রাইভিং লাইসেন্স-এর সত্যায়িত কপি; ৪। রেজিস্ট্রেশন ও ফিটনেস সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি; ৫। রুটপারমিট সার্টিফিকেটের মূল কপি (নবায়নের ক্ষেত্রে প্রযোজ্য); ৬। হালনাগাদ ট্যাক্স টোকেন এর সত্যায়িত ফটোকপি; ৭। TIN সংক্রান্ত কাগজপত্র-এর সত্যায়িত কপি; ৮। অনুমিত আয়কর জমার রশিদ এর সত্যায়িত ফটোকপি	১। বাস / মিনিবাস এর ক্ষেত্রে প্রতি বছর ৫৭৫/- টাকা (একজেলার জন্য), ২। প্রতি বছর ৯২৫/- টাকা (একাধিক কিছু অনধিক তিন জেলার জন্য) ৫। প্রতি বছর ১২৯০/- টাকা (তিনেরঅধিক জেলারজন্য) [ফি জমাদানের জন্য ব্যাংকের তালিকার লিংক: http://goo.gl/TdG6Bs অথবা অনলাইনে ফি জমাদানেরলিংক: www.ipaybrta.cnsbd.com]	১৫ কার্যদিবস	সহকারী পরিচালক(ইঞ্জি:) ও রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ বিআরটিএ সার্কেল অফিস
১২।	মোটরযানের ফিটনেস নবায়ন	গ্রাহক মোটরযানের ফিটনেস নবায়ন এর জন্য প্রয়োজনীয় কাগজপত্র ও নির্ধারিত ফি জমাদিয়ে আবেদন করেন। এরপর মোটরযান পরিদর্শক সরজমিনে মোটরযানটি দেখে এক বছরের জন্য ফিটনেস নবায়ন করে ন।	১। নির্ধারিত ফরমে আবেদনপত্র(আবেদন ফরমের লিংক: https://goo.gl/iLUe1W); ২। প্রয়োজনীয় ফি প্রদানের রশিদ; ৩। ফিটনেস সার্টিফিকেটের মূল কপি; ৪। হালনাগাদ ট্যাক্স টোকেন এর সত্যায়িত ফটোকপি; ৫। অনুমিত অগ্রিম আয়কর প্রদানের প্রমাণপত্র;	১। ফিটনেস নবায়নফি (ভ্যাটসহ) (ক) হালকা গাড়ী: ১০৮৭/- (খ) ভারি গাড়ী: ১৬০৫/- ২। মোটরযানের প্রকৃতির উপর ভিত্তি করে অনুমিত অগ্রিম আয়কর ভিন্ন ভিন্ন হবে (বি: দ্র: ব্যাংকে টাকা জমা দেওয়ার সময় TIN সার্টিফিকেটের কপি প্রয়োজন হবে) (পূর্ণ তালিকার লিংক: https://goo.gl/iKVNcM) [ফি জমাদানের জন্য ব্যাংকের তালিকার লিংক: http://goo.gl/TdG6Bs অথবা অনলাইনে ফি জমাদানেরলিংক: www.ipaybrta.cnsbd.com]	০১ কার্যদিবস	সহকারী পরিচালক(ইঞ্জি:) ও রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ বিআরটিএ সার্কেল অফিস

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর ও ইমেইল)
১৩।	মোটরযানের ট্যাক্স টোকেন নবায়ন	গ্রাহককে প্রয়োজনীয় ফি জমা প্রদানের পর বিআরটিএ অনুমোদিত ব্যাংক থেকে ট্যাক্স টোকেন নবায়ন করে নিতে হয়।	১। পূর্বের ইস্যুকৃত ট্যাক্স টোকেন সাটি ফিকেট (মূল কপি)।	মোটরযানের প্রকৃতি, আসন সংখ্যা অথবা বহন কক্ষমতার উপর ভিত্তি করে রোড ট্যাক্স ভিন্ন ভিন্ন হবে (রোড ট্যাক্স এর পূর্ণ তালিকার লিংক: https://goo.gl/JRWBP) [ফি জমাদানের জন্য ব্যাংকের তালিকার লিংক: http://goo.gl/TdG6Bs অথবা অনলাইনে ফি জমাদানের লিংক: www.ipaybrta.cnsbd.com]	০১ কার্যদিবস	সহকারী পরিচালক(ইঞ্জি:) ও রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ বিআরটিএ সার্কেল অফিস
১৪।	ইন্সট্রাক্টর লাইসেন্স ইস্যু	সেবাগ্রহণকারী বিআরটিএ সদর কার্যালয় অফিসে নির্ধারিত ফরমে আবেদন করেন। আবেদনটি যাচাই-বাছাইকরতঃ ইন্সট্রাক্টর লাইসেন্স ইস্যু করা হয়ে থাকে।	(১) নির্ধারিত ফর্মের (Form I.L.A)-এ আবেদন; (২) পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি এবং স্ট্যাম্প সাইজের ০২ (দুই) কপি রঞ্জীন ছবি; (৩) নির্ধারিত ফি জমাদানের রশিদ (বিআরটিএ'র কপি) (৪) পেশাদার লাইসেন্সের সত্যায়িত ফটোকপি; (৫) ভারী মোটরযান চালনার ০৩ (তিন) বছরের অভিজ্ঞতার সনদ; (৬) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি (এসএসসি বা সমমান কারিগরী জ্ঞান সম্পন্ন হতে হবে); (৭) পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত (৮) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদপত্র;	ইন্সট্রাক্টর লাইসেন্স ফি ৮৬৩/- টাকা (ভ্যাটসহ);	৩০ কার্যদিবস	পরিচালক(ইঞ্জি:) বিআরটিএ সদর কার্যালয়

২.২। প্রাতিষ্ঠানিক সেবা

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১।	সরকারী প্রতিষ্ঠানের মালিকানাধীন যানবাহন অকেজো ঘোষণা করার বিষয় সুপারিশ	প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট মোটরযানটি মোটরযান পরিদর্শক কর্তৃক সরজমিনে পরিদর্শন করা হয়। মোটরযানটি অকেজো ঘোষণার যোগ্য হলে নির্ধারিত ফরমে সুপারিশ করা হয়।	(১) সংশ্লিষ্ট যানবাহনের লগ বই এর ফটোকপি; (২) রেজিস্ট্রেশন সনদের ফটোকপি	প্রয়োজ্য নয়	২-৩ দিন	সহকারী পরিচালক (ইঞ্জি:)/মোটরযান পরিদর্শক সংশ্লিষ্ট সার্কেল অফিস

বি.দ্র:

- ১। সরকারি যে কোন প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী সংস্থা, সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা এবং দাপ্তরিকভাবে সম্পৃক্ত দেশি/বিদেশি বেসরকারি প্রতিষ্ঠানকে প্রদত্ত সেবা। উদাহরণ: বাজেট বরাদ্দ/বিভাজন, অর্থ ছাড়, মতামত গ্রহণ;
- ২। সেবাগ্রহণকারী বেসরকারি প্রতিষ্ঠান End User না হলে অথবা কোন চুক্তির আওতায় প্রদত্ত সেবা প্রাতিষ্ঠানিক সেবার অন্তর্ভুক্ত হবে। উদাহরণ: বিটিআরসি-এর নিকট থেকে ব্যান্ডউইডথ ক্রয়।

২.৩। আভ্যন্তরীণ সেবাঃ

ক্র. নং	সেবার মান	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১।	পেনশন/পারিবারিক পেনশন ও আনুতোষিক মঞ্জুর	ক) আবেদনের প্রেক্ষিতে; খ) পেনশন বিধিমালা ও পেনশন সহজীকরণ নীতিমালা-২০০৯ অনুসরণে; গ) শৃঙ্খলা ও অডিট নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন যাচাই সাপেক্ষে নিষ্পত্তি করা; ঘ) পত্রের মাধ্যমে আবেদনকারীকে অবহিত করা;	ক) সংশ্লিষ্ট কর্মকর্তার আবেদন (পেনশন ফরম, নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ সংযুক্তিসহ); খ) প্রত্যাশিত শেষ বেতন সনদ, চাকরি বিবরণী, বিগত তিন বছরের না-দাবী প্রত্যয়নপত্র এবং বিভিন্ন কর্মস্থল হতে প্রাপ্ত অডিট অনাপত্তি ও না-দাবী সনদ পত্র; গ) প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকার ঘোষণাপত্র; ঘ) অধিকন্তু, পেনশন সহজীকরণ নীতিমালা-২০০৯ মোতাবেক অন্যান্য কাগজপত্র;	বিনামূল্যে	১৫ দিন	মোঃ রিয়াজুর রহমান সহকারী পরিচালক (প্রশাসন) ফোন: +৮৮-০২- ৯১৩২৪৮১ ই-মেইল: ada@brta.gov.bd
২।	পিআরএল/ল্যাম্পগ্রান্ট অনুমোদন	ক) আবেদনের প্রেক্ষিতে নিষ্পত্তি করা; খ) পত্রের মাধ্যমে আবেদনকারীকে অবহিত করা;	ক) সংশ্লিষ্ট কর্মকর্তার আবেদন; খ) হিসাবরক্ষণ অফিস হতে প্রদত্ত ছুটি প্রাপ্যতার প্রত্যয়ন;	বিনামূল্যে	১০ দিন	মোঃ রিয়াজুর রহমান সহকারী পরিচালক (প্রশাসন) ফোন: +৮৮-০২- ৯১৩২৪৮১ ই-মেইল: ada@brta.gov.bd

ক্র. নং	সেবার মান	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৩।	ভবিষ্যৎ তহবিল হতে চূড়ান্ত উত্তোলন	ক) আবেদনের প্রেক্ষিতে; খ) সাধারণ ভবিষ্যৎ তহবিল বিধিমালা-১৯৭৯ অনুসরণপূর্বক নিষ্পত্তি করা; গ) পত্রের মাধ্যমে আবেদনকারীকে অবহিত করা;	ক) আবেদনপত্র; খ) চূড়ান্ত পাওনা পরিশোধের অথরিটিপত্র; গ) জিপিএফ স্লিপ;	বিনামূল্যে	৫ দিন	মোঃ রিয়াজুর রহমান সহকারী পরিচালক (প্রশাসন) ফোন: +৮৮-০২-৯১৩২৪৮১ ই-মেইল: ada@brta.gov.bd
৪।	ভবিষ্যৎ তহবিল হতে অগ্রিম মঞ্জুরি প্রদান।	ক) সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর আবেদনের প্রেক্ষিতে; খ) সাধারণ ভবিষ্যৎ তহবিল বিধিমালা-১৯৭৯ অনুসরণপূর্বক নিষ্পত্তি করা; গ) পত্রের মাধ্যমে আবেদনকারীকে অবহিত করা;	ক) নির্ধারিত আবেদন ফরমে আবেদনপত্র; খ) হিসাবরক্ষণ অফিস কর্তৃক প্রদত্ত ভবিষ্যৎ তহবিলে জমাকৃত অর্থের স্লিপ;	বিনামূল্যে	৫ দিন	মোঃ রিয়াজুর রহমান সহকারী পরিচালক (প্রশাসন) ফোন: +৮৮-০২-৯১৩২৪৮১ ই-মেইল: ada@brta.gov.bd
৫।	শ্রান্তি বিনোদন ছুটি ও অন্যান্য অর্জিত ছুটি মঞ্জুর।	ক) সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর আবেদনের প্রেক্ষিতে; খ) নির্ধারিত ছুটি বিধিমালা-১৯৫৯ ও বাংলাদেশ চাকুরী (বিনোদন ভাতা) বিধিমালা-১৯৭৯ অনুসরণপূর্বক নিষ্পত্তি করা; গ) পত্রের মাধ্যমে আবেদনকারীকে অবহিত করা;	ক) নির্ধারিত ফরমে আবেদন পত্র; খ) হিসাবরক্ষণ অফিস হতে প্রদত্ত ছুটি প্রাপ্যতার প্রত্যয়ন; গ) শ্রান্তি বিনোদন ছুটির ক্ষেত্রে ইতিপূর্বের মঞ্জুরীর জিও'র কপি; ঘ) চিকিৎসাজনিত ছুটির ক্ষেত্রে চিকিৎসা সনদ; ঙ) মাতৃত্বকালীন ছুটির ক্ষেত্রে চিকিৎসা সনদ;	বিনামূল্যে	৫ দিন	মোঃ রিয়াজুর রহমান সহকারী পরিচালক (প্রশাসন) ফোন: +৮৮-০২-৯১৩২৪৮১ ই-মেইল: ada@brta.gov.bd

ক্র. নং	সেবার মান	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৬।	তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের পদোন্নতি, টাইমস্কেল, সিলেকশন গ্রেড প্রদান	ক) ডিপিসি সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে নিষ্পত্তি করা; খ) পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট কর্মচারীকে অবহিত করা;	ক) শৃঙ্খলাজনিত প্রতিবেদন; খ) এসিআর;	বিনামূল্যে	৩০ দিন	উপ-পরিচালক (প্রশাসন) ফোন: +৮৮-০২-৯১১৪০৮ ই-মেইল: dda@brta.gov.bd

২.৪। আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক প্রদত্ত সেবাঃ

আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের সিটিজেন চার্টার লিঙ্ক: <http://www.brta.gov.bd>

২। অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS)ঃ

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করুন

ক্র. নং	কখন যোগাযোগ করবেন	যোগাযোগের ঠিকানা
১	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে	GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা নাম ও পদবী: জনাব মুহাম্মদ শওকত আলী (যুগ্মসচিব), সচিব, বিআরটিএ ফোন: ৯১৩২৪৮০ ইমেইল: msali4068@hotmail.com ওয়েব পোর্টাল: http://www.brta.gov.bd/index.php/contacts/feedback-comments
২	GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে ব্যর্থ হলে	কেন্দ্রীয় অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS) <ul style="list-style-type: none"> চেয়ারম্যান, বিআরটিএ ফোন: ৯১৪১২৬৮ (ফ্যাক্স: ৯১১৬১৬৩) ই-মেইল: chairman@brta.gov.bd


৩। আপনার কাছে আমাদের প্রত্যাশাঃ

ক্রমিক নং	প্রতিশ্রুতি/কাজিত সেবা প্রাপ্তির জন্য করণীয়:
১.	নির্ধারিত ফরমে সম্পূর্ণভাবে পূরণকৃত আবেদনপত্র জমা প্রদান;
২.	সঠিক মাধ্যমে প্রয়োজনীয় সেবামূল্য পরিশোধ করা;
৩.	নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র সংগে আনা;
৪.	সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকা;

বিআরটিএ অর্গানোগ্রাম (সদর কার্যালয়)




বিআরটিএ অর্গানোগ্রাম (বিভাগীয় অফিসের কার্যালয়)




৭টি বিভাগীয় অফিস : ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, রংপুর, খুলনা, সিলেট, ও বরিশাল।

বিআরটিএ অর্গানোগ্রাম (মেট্রো সার্কেল অফিস)



৫টি মেট্রো সার্কেল অফিস : ঢাকা মেট্রো সার্কেল-১, ঢাকা মেট্রো সার্কেল-২, ঢাকা মেট্রো সার্কেল-৩, চট্টগ্রাম মেট্রো সার্কেল-১ ও চট্টগ্রাম মেট্রো সার্কেল-২।

বিআরটিএ অর্গানোগ্রাম (জেলা সার্কেল অফিস)



৫৭টি জেলা সার্কেল অফিসঃ ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, গাজীপুর, মানিকগঞ্জ, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোণা, টাঙ্গাইল, জামালপুর, শেরপুর, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারিপুর+শরিয়তপুর, রাজবাড়ী, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, নোয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, বগুড়া, জয়পুরহাট, নওগাঁ, পাবনা, সিরাজগঞ্জ, রংপুর, গাইবান্ধা, নীলফামারী, কুড়িগ্রাম+লালমনিরহাট, দিনাজপুর, ঠাকুরগাঁও+পঞ্চগড়, খুলনা, বাগেরহাট, সাতক্ষিরা, যশোর+নড়াইল, ঝিনাইদহ, মাগুরা, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা+মেহেরপুর, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ, বরিশাল, পিরোজপুর+ঝালকাঠি, পটুয়াখালী+বরগুনা, ভোলা।

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটির জনবলের তালিকাঃ

ক্রমিক নং	গ্রেড	মঞ্জুরীকৃত পদ	পূরণকৃত পদ	শূন্য পদ
১	১-৯	১৪৯	১০২	৪৭
২	১০	১৬৩	১২৬	৩৭
৩	১১-১৫	২০৮	১৭৭	৩১
৪	১৬-২০	৩০৩	২৬৪	৩৯
	মোট	৮২৩	৬৬৯	১৫৪

সেবার পরিধি বৃদ্ধি পাওয়ায় স্বল্প সংখ্যক জনবল দিয়ে জনগণকে কান্ডিত সেবা প্রদান সম্ভব হচ্ছে না। এ কারণে পর্যাপ্ত জনবলসহ অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

অধ্যায়- ১ প্রশাসন অধিশাখার কার্যক্রম

প্রশাসনিক সংস্কারঃ

বিআরটিএ'কে 'পেপারলেস' সংস্থা হিসেবে গড়ে তোলার নিমিত্তে সার্ভিস ডেলিভারী সিস্টেমে সকল প্রকার Physical Interface নূন্যতম পর্যায়ে নামিয়ে আনা, বিআরটিএ'র যাবতীয় সেবা কার্যক্রমকে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়া, যানবাহনের প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষায় অটোমেশন প্রবর্তন করা, গাড়ীর গতি ও অবস্থান নির্ধারণে স্বয়ংক্রিয় পদ্ধতি চালু করা, দুর্নীতি রোধে জিরো টলারেপের নীতি প্রয়োগ করা, বিআরটিএ'কে স্বচ্ছতা ও জবাবদিহিতার আওতায় নিয়ে আসা- এসবই প্রশাসনিক সংস্কারের আওতাভুক্ত করা হয়েছে।

বিদ্যমান সাংগঠনিক কাঠামো সংশোধন করে জনবল ৫৭৩ থেকে ৮২৩ জনে উন্নীত করা হয়েছে। ২০০৯ সালের পর হতে জুন ২০১৮ পর্যন্ত মোট ৩৩৭ জনকে নিয়োগ দেওয়া হয়েছে। বর্তমানে ৬৯৪ জন কর্মরত আছেন। বিআরটিএ'র কাজের পরিধি ব্যাপকভাবে বৃদ্ধি পাওয়ায় জনবল বৃদ্ধির জন্য ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয় থেকে প্রস্তাবটি সংশোধন করে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক জনবল বৃদ্ধির স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রণয়নের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া বিআরটিএ'র যানবাহন এবং অফিস সরঞ্জামাদির প্রস্তাব প্রেরণের কাজ প্রক্রিয়াধীন রয়েছে।

অর্থ ও হিসাব সংক্রান্ত বিষয়ে যেমন-বাজেট প্রণয়ন, সর্ব প্রকার হিসাব সংরক্ষণ ও উহার তত্ত্বাবধান, বরাদ্দকৃত তহবিল বন্টন ও ব্যয় নিয়ন্ত্রণ, বার্ষিক কার্যক্রম মূল্যায়ন এবং প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশনা, কর ও ফিস আদায় সংক্রান্ত কার্যাবলীর ব্যবস্থাপনা ও তত্ত্বাবধান ইত্যাদি, অথরিটি'র কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ পরীক্ষাকরণ এবং অভিযোগসমূহ তদন্তের ব্যবস্থাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ, অথরিটি'র যানবাহন, সরঞ্জামাদি, আসবাবপত্র ইত্যাদি ক্রয়, রক্ষণাবেক্ষণ ও নিয়ন্ত্রণ এবং সাধারণ সেবা ব্যবস্থা গ্রহণ ও বিভাগীয় মামলাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, নিয়োগবিধি, অর্গানোগ্রাম, কার্যবন্টন সংক্রান্ত কার্যাবলী প্রশাসন শাখা করে থাকে।

কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ, পদোন্নতি ও শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণঃ

২০১৭-২০১৮ অর্থ বছরে প্রথম শ্রেণীর ০৭ (সাত) জন, দ্বিতীয় শ্রেণীর ০৭(সাত) জন, তৃতীয় শ্রেণীর ৫৫ (পঞ্চাশ) জন এবং চতুর্থ শ্রেণীর ২০ (বিশ) জনকে নিয়োগ দেয়া হয়েছে। একই অর্থ বছরে প্রথম শ্রেণীর পদে ০১ (এক) জন, দ্বিতীয় শ্রেণীর ০৩(তিন) জন, তৃতীয় শ্রেণীর ০৩ (তিন) জনকে পদোন্নতি প্রদান করা হয়েছে। ২০১৭-২০১৮ অর্থ বছরে মামলার সংখ্যা ১৪ টি সহ মোট মামলার সংখ্যা ৪০ টি এবং নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ২৩ টি।

বাজেট প্রণয়ন, সর্ব প্রকার হিসাব সংরক্ষণ ও উহার তত্ত্বাবধান, বরাদ্দকৃত তহবিল বন্টন ও ব্যয় নিয়ন্ত্রণঃ

বিআরটিএ'র সদর কার্যালয় , ৭ টি বিভাগ ও ৬২টি সার্কেলসহ সকল পর্যায়ের অফিসের ব্যয় নির্বাহের জন্য অনুন্নয়ন খাতে ২০১৭-১৮ অর্থবছরে অর্থমন্ত্রণালয় থেকে মোট ২৯৯,৫৩,৬০,০০০/- (দুইশত নিরানব্বই কোটি তিপাল্ল লক্ষ ষাট হাজার) টাকা বরাদ্দ সংরক্ষিত ছিলো যা সদর কার্যালয়সহ ৭ টি বিভাগ ও ৬২টি সার্কেল অফিসের মধ্যে বন্টন করে দেওয়া হয়েছিলো। এ বরাদ্দ থেকে উক্ত বছরে প্রায় ২৮৪,২৯,৬৯,৮০১/- (দুইশত চুরাশি কোটি উনত্রিশ লক্ষ উনষাট হাজার আটশত এক) টাকা ব্যয় হয়েছে যার হিসাব স্ব-স্ব বিভাগীয় ও সার্কেল অফিস থেকে সংগ্রহ করে সদর কার্যালয়ে সংরক্ষণ করা হয়ে থাকে। পর্যালোচনা করে দেখা যায়, এ ব্যয় বিআরটিএ'র মোট রাজস্ব আদায়ের ১৮.৪০ শতাংশ।

পেনশন কেইসঃ

এ অথরিটিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ পেনশন কেইস পেনশন সহজীকরণ নীতিমালার আওতায় আনার কাজ বর্তমান আছে। ২০১৭-২০১৮ অর্থ বছরে বিআরটিএ'র একজন কর্মচারী পেনশন সুবিধা ভোগ করার জন্য আবেদন করেন এবং একই অর্থ বছরে উক্ত আবেদন নিষ্পত্তি করে পেনশন সুবিধা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

নিয়ন্ত্রণ কক্ষঃ

বিভিন্ন ধর্মীয় উৎসব উপলক্ষ্যে ঘরমুখো মানুষের মহাসড়কে যাতায়াত নির্বিলম্ব করার নিমিত্ত বিআরটিএ'র ব্যবস্থাপনায় কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ খোলা হয়ে থাকে। মাননীয় মন্ত্রী এবং উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত থেকে নিয়ন্ত্রণ কক্ষের কার্যক্রম তদারকি এবং প্রয়োজনে তাৎক্ষণিক নির্দেশনা ও সিদ্ধান্ত প্রদান করে থাকেন। এর ফলে ধর্মীয় উৎসবে নাড়ীর টানে ঘরে ফেরা মানুষ স্বাচ্ছন্দ্যে ও আনন্দঘন পরিবেশে গন্তব্যে আসা-যাওয়া করতে পারেন।



সমন্বিত কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ

অধ্যায়- ২

এনফোর্সমেন্ট অধিশাখার কার্যক্রম


ভ্রাম্যমাণ আদালত পরিচালনাঃ

পরিবহন সেক্টরে সার্বিক শৃঙ্খলা বজায় রাখা, অবৈধ ও ত্রুটিযুক্ত যানবাহন অপসারণ, অতিরিক্ত যাত্রী পরিবহন ও ভাড়া আদায়ের প্রবণতা রোধ এবং যাত্রীর সাথে সম্মানজনক ও ভদ্র আচরণ প্রদর্শনে উদ্বুদ্ধ করার উদ্দেশ্যে বিআরটিএ এবং জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়ে কর্মরত নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ মোটরযান অধ্যাদেশ ১৯৮৩সহ অন্যান্য আইনের অধীনে নিয়মিতভাবে মোবাইল কোর্ট পরিচালনা করে আসছেন। ২০১৭-১৮ অর্থবছরে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে ২৪,৯১৩টি মামলায় ৪,৮৯,৮৬,২৩০/- (চার কোটি ঊননব্বই লক্ষ ছিয়াশি হাজার দুইশত ত্রিশ টাকা) জরিমানা আদায়সহ ৪১২ জন আসামীকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড প্রদান ও ২১৪টি গাড়ী ডাম্পিং স্টেশনে প্রেরণ করা হয়েছে।


অর্থবছর	মামলার সংখ্যা	জরিমানার আদায় (টাকায়)	কারাদন্ড	ডাম্পিং
২০০৮-০৯	২০৭২	৩২৫৮৯১২	২	১১৯
২০০৯-১০	৭৪৫০	৫৪৬৮৩৭৪	৪৭	১৩৩
২০১০-১১	৯৪১৮	৬৬৯৪৩৭৪	২১৯	৩১৭
২০১১-১২	৬১৭২	৫৯৫৯৫৪৮	২২৭	৩৭২
২০১২-১৩	৩৩১৫	৩০৪১০৭২	১২৫	২৩৭
২০১৩-১৪	৮৫৬১	৭৩৪৪৬৭২	১৫০	৩৫০
২০১৪-১৫	২৩২০৬	১৭৯২২৮৮৫	১৩২	৬৩৪
২০১৫-১৬	৪৬৩৪৫	৪১৩৮০৮০০	৮৮৮	২৫১৮
২০১৬-১৭	৩৭২৪২	৪৭২৫৯৩০৭	৮৬৬	৮৪৩
২০১৭-১৮	২৪৯১৩	৪৮৯৮৬২৩০	৪১২	২১৪




ভ্রাম্যমাণ আদালত পরিচালনা




অর্থ-বছর ভিত্তিক মামলার সংখ্যা



অর্থ-বছর ভিত্তিক জরিমানা আদায়ের পরিমাণ



অর্থ-বছর ভিত্তিক কারাদন্ডের পরিমাণ



অর্থ-বছর ভিত্তিক ডাম্পিং এর পরিমাণ

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নঃ

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বিআরটিএ'র সদর কার্যালয়, বিভাগীয় অফিস এবং সার্কেল অফিসসমূহে নৈতিকতা কমিটি রয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত গত অর্থবছরে নৈতিকতা কমিটির চারটি (০৪) সভা এবং চারটি (০৪) ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল সংশ্লিষ্ট বিষয়ে ৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ এর বিধানানুসারে গত অর্থবছরে ৩ জনকে পুরস্কার প্রদান করা হয়েছে।

শ্রেষ্ঠ কর্মকর্তাগণের তালিকাঃ

ক্রমিক নং	কর্মকর্তাগণের নাম	পদবী	পুরস্কার
১	জনাব মোঃ জিয়াউর রহমান	উপ-পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, বিভাগীয় কার্যালয়, খুলনা।	ফ্রেস্ট ও সনদ
২	জনাব মোঃ ফারুক আহমেদ	সহকারী পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, সদর কার্যালয়, এলেনবাড়ি, ঢাকা।	ফ্রেস্ট ও সনদ
৩	জনাব মোঃ মতিউর রহমান	উচ্চমান সহকারী, বিআরটিএ, সদর কার্যালয়, এলেনবাড়ি, ঢাকা।	ফ্রেস্ট ও সনদ

প্রচার ও বিজ্ঞাপনঃ

বিআরটিএ কর্তৃক সড়ক নিরাপত্তা নিশ্চিতকল্পে সড়কপথে ফিটনেসবিহীন, লাইসেন্সবিহীন ও মেয়াদোত্তীর্ণ লাইসেন্স নিয়ে মোটরযান না চালানোর জন্য একাধিক পত্রিকায় অনেকবার বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এর পাশাপাশি প্রতিমাসে বিভিন্ন দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক পত্রিকায় সড়ক নিরাপত্তা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

গণশুনানীঃ

বিআরটিএ'র পরিচালক (এনফোর্সমেন্ট)-এর নেতৃত্বে ২০১৭-১৮ অর্থবছরে মোট ৪টি গণশুনানী অনুষ্ঠিত হয়েছে। এছাড়া বিভিন্ন বিভাগীয় পর্যায়েও উপপরিচালক (ইঞ্জিঃ) কর্তৃক গণশুনানী অনুষ্ঠিত হয়েছে।



উপপরিচালক (ইঞ্জিঃ) কর্তৃক অনুষ্ঠিত গণশুনানী

জাতীয় শুদ্ধাচার কৌশল (২০১৭-২০১৮)

কার্যক্রম	সূচক	একক	২০১৭-২০১৮ অর্থবছরের লক্ষ্যমাত্রা	অগ্রগতি পরিবীক্ষণ, ২০১৭-২০১৮				
				লক্ষ্যমাত্রা/ প্রকৃত অর্জন	১ম কোয়ার্টার জুলা/১৭- সেপ্টে/১৭	২য় কোয়ার্টার অক্টো/১৭- ডিসে/১৭	৩য় কোয়ার্টার জানু/১৮- মার্চ/১৮	৪র্থ কোয়ার্টার এপ্রি/১৮- জুন/১৮
১	২	৩	৬	৭	৮	৯	১০	১১
১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা								
১.১ নৈতিকতা কমিটির সভা	অনুষ্ঠিত সভা	সংখ্যা	৪	লক্ষ্যমাত্রা	১	১	১	১
				প্রকৃত অর্জন	১	১	১	১
১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	বাস্তবায়িত সিদ্ধান্তের হার	সংখ্যা	৮০%	লক্ষ্যমাত্রা	৮০%	৮০%	৮০%	৮০%
				প্রকৃত অর্জন	৮০%	৮০%	৮০%	৮০%
১.৩ দপ্তর/সংস্থায় শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অন্তরায় চিহ্নিতকরণ: (ক)Positive মানসিকতার অভাব (খ) অপর্যাপ্ত জনবল অবকাঠামো ও লজিস্টিকস। (গ) পর্যাপ্ত প্রশিক্ষণের অভাব। (ঘ) কোন কোন ক্ষেত্রে প্রভাশলীদের অনৈতিক প্রভাব।	চিহ্নিত অন্তরায়সমূহ	তারিখ	৩১.১২.১৭	লক্ষ্যমাত্রা	-	৩১.১২.১৭	-	
				প্রকৃত অর্জন	-	২০.১২.১৭		
১.৪ অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা	অনুষ্ঠিত সভা	সংখ্যা	০২	লক্ষ্যমাত্রা	-	০১	০১	-
				প্রকৃত অর্জন	-	০১	০১	
২. সচেতনতা বৃদ্ধি								
২.১ সচেতনতা বৃদ্ধিমূলক সভা	অনুষ্ঠিত সভা	সংখ্যা	০২	লক্ষ্যমাত্রা	-	০১	-	০১
				প্রকৃত অর্জন	-	০১		০১
২.২ জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত প্রশিক্ষণ	প্রশিক্ষণার্থী	সংখ্যা	৬০	লক্ষ্যমাত্রা	-	৩০	-	৩০
				প্রকৃত অর্জন		৩০		৩০
৩. জনসেবা নিশ্চিত করার লক্ষ্যে আইন/বিধি/নীতিমালা প্রণয়ন ও সংস্কার								
৩.১ বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি(কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা ১৯৯২(সংশোধিত ২০১৬) অধিকতর সংশোধনের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ।	মন্ত্রণালয়ে খসড়া প্রেরণ		২৬.০৬.১৮	লক্ষ্যমাত্রা	-	-	-	২৬.৬.১৮
				প্রকৃত অর্জন	-	-	-	-

৪. শুদ্ধাচার চর্চার জন্য প্রণোদনা প্রদান								
৪.১ ‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭’-এর বিধানানুসারে শুদ্ধাচার পুরস্কার প্রদান	প্রদত্ত পুরস্কার	সংখ্যা	০৩	লক্ষ্যমাত্রা	-	-	-	০৩
				প্রকৃত অর্জন	-	-	-	০৩
৫. ই-গভর্নেন্স ও সেবার মান উন্নীতকরণ								
৫.১ অনলাইন রেসপন্স সিস্টেমের ব্যবহারঃ ই-মেইলের মাধ্যমে প্রাপ্ত অনুসন্ধান/প্রশ্নের নিষ্পত্তি	ই-মেইল/এসএমএস-এর মাধ্যমে নিষ্পত্তিকৃত বিষয়	%	৮০%	লক্ষ্যমাত্রা	৮০%	৮০%	৮০%	৮০%
				প্রকৃত অর্জন	৮০%	৮০%	৮০%	৮০%
৫.২ বিভিন্ন মাধ্যম (সামাজিক যোগাযোগ মাধ্যমসহ) ব্যবহার করে অনলাইন কনফারেন্স আয়োজন	অনুষ্ঠিত অনলাইন কনফারেন্স	সংখ্যা	০৪	লক্ষ্যমাত্রা	০১	০১	০১	০১
				প্রকৃত অর্জন	০১	০১	০১	০১
৫.৩ দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন	ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত	%	১%	লক্ষ্যমাত্রা	-	.২০%	.৫০%	১%
				প্রকৃত অর্জন	-	.২০%	.৫০%	১%
৫.৪ দাপ্তরিক কাজে ইউনিকোড ব্যবহার করে কার্যসম্পাদন	ইউনিকোড ব্যবহার করে কার্যসম্পাদন	%	১০০%	লক্ষ্যমাত্রা	১০০%	১০০%	১০০%	১০০%
				প্রকৃত অর্জন	১০০%	১০০%	১০০%	১০০%
৫.৫ মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসংস্থান চুক্তিতে বর্ণিত তালিকা অনুযায়ী দপ্তর/সংস্থার জন্য প্রযোজ্য কমপক্ষে দুটি করে অনলাইন সেবা চালু করা (ক) অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত ফিডব্যাক অনলাইনে জানানো (খ) শিক্ষানবীশ লাইসেন্স অনলাইনে ইস্যুকরণ	ন্যূনতম দুটি অনলাইন সেবা চালুকৃত	সংখ্যা	০২	লক্ষ্যমাত্রা	-	-		৩০.০৪.১৮ ২৬.০৬.১৮
				প্রকৃত অর্জন	-	-		
৫.৬ ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন	ই-টেন্ডারে সম্পাদিত ক্রয় কার্য	%	২%	লক্ষ্যমাত্রা	-	.৫০%	১%	২%
				প্রকৃত অর্জন	-	.৫০%	১%	২%
৫.৭ দাপ্তরিক কাজে সোশ্যাল মিডিয়া ব্যবহার	দাপ্তরিক সোশ্যাল মিডিয়া পেজ চালু	তারিখ	চালুকৃত	লক্ষ্যমাত্রা	-	-	-	-
				প্রকৃত অর্জন				

৬. জনসেবা সহজীকরণের লক্ষ্যে উদ্ভাবনী উদ্যোগ ও সেবা পদ্ধতি সহজীকরণ								
৬.১ দপ্তর/সংস্থা কর্তৃক বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭-১৮ প্রণয়ন:	উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণীত	তারিখ	৩১.৮.১৭	লক্ষ্যমাত্রা	৩১.৮.১৭			-
				প্রকৃত অর্জন	৩১.৮.১৭			
৬.২ দপ্তর/সংস্থা কর্তৃক ২০১৭ সালের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী কমপক্ষে দুটি উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন (ক) কল সেন্টার স্থাপন (খ) ডাইভিং কম্পিটেন্সি টেস্ট বোর্ডের পরীক্ষার্থীদের পরীক্ষা কার্যক্রম অটোমেশন।	বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা	তারিখ	২৬.৬.১৮	লক্ষ্যমাত্রা				২৬.৬.১৮
				প্রকৃত অর্জন				২৬.৬.১৮
৬.৩ দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে সেবা পদ্ধতি সহজীকরণের উদ্যোগ গ্রহণ (ক) এ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে মোটরযানের ফিটনেস কার্যক্রম সম্পাদন	সেবা পদ্ধতি সহজীকরণকৃত	তারিখ	২৬.৬.১৮	লক্ষ্যমাত্রা	-	-	-	২৬.৬.১৮
				প্রকৃত অর্জন	-			
৭. জবাবদিহি শক্তিশালীকরণ								
৭.১ দ্রুততম সময়ে অভিযোগ নিষ্পত্তি	অভিযোগ নিষ্পত্তিকৃত	দিন	৩০দিন	লক্ষ্যমাত্রা	৩০	৩০	৩০	৩০
				প্রকৃত অর্জন	৩০	৩০	৩০	৩০
৭.২ অভিযোগ নিষ্পত্তি করে সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিতকরণ	নিষ্পত্তিকৃত অভিযোগ অবহিতকরণ	দিন	১০দিন	লক্ষ্যমাত্রা	১০	১০	১০	১০
				প্রকৃত অর্জন	১০	১০	১০	১০
৭.৩ অডিট আপত্তি নিষ্পত্তিকরণ	নিষ্পত্তিকৃত অডিট আপত্তি	%	২%	লক্ষ্যমাত্রা	-	-	১%	২%
				প্রকৃত অর্জন	-		০.৩৮%	
৭.৪ দুর্নীতি প্রতিরোধ সম্পর্কিত কার্যক্রম (যেমন: ইলেক্ট্রনিক উপস্থিতি, গণশুনানী, ইত্যাদি) গ্রহণ	গৃহীত কার্যক্রম	সংখ্যা	০৪	লক্ষ্যমাত্রা	০১	০১	০১	০১
				প্রকৃত অর্জন	০১	০১	০১	০১

৭.৫ দপ্তর/সংস্থার দুর্নীতির ক্ষেত্রসমূহ (Grey Area) চিহ্নিতকরণ (ক) গাড়ী না এনে দুর্নীতির মাধ্যমে ফিটনেস প্রদান এর বিষয়টি চিহ্নিত করা হয়েছে।		সংখ্যা	০১	লক্ষ্যমাত্রা	-	-	০১	-
				প্রকৃত অর্জন	-	-	০১	
৭.৬ তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণ	অনলাইন প্রশিক্ষণে সনদ প্রাপ্ত	তারিখ	৩১.১২.১৭	লক্ষ্যমাত্রা	-	৩১.১২.১৭	-	-
				প্রকৃত অর্জন	-	২৬.১২.১৭		
৮. জাতীয় শুদ্ধাচার কৌশলে উল্লিখিত দপ্তর/সংস্থার কার্যক্রম (প্রযোজ্য ক্ষেত্রে)								
৮.১				লক্ষ্যমাত্রা				
				প্রকৃত অর্জন				
৮.২				লক্ষ্যমাত্রা				
				প্রকৃত অর্জন				
৯. দপ্তর/সংস্থার নৈতিকতা কমিটি কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম								
৯.১ জাতীয় নিরাপদ সড়ক দিবস উদযাপন	উদযাপিত দিবস	তারিখ	২২.১০.১৭	লক্ষ্যমাত্রা	-	২২.১০.১৭	-	-
				প্রকৃত অর্জন	-	২২.১০.১৭		
৯.২				লক্ষ্যমাত্রা				
				প্রকৃত অর্জন				
১০. অর্থ বরাদ্দ								
১০.১ শুদ্ধাচার সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য আনুমানিক (Indicative) অর্থের পরিমাণ	বরাদ্ধকৃত অর্থ	লক্ষ টাকা	১০.০০	লক্ষ্যমাত্রা	১.০০	৩.০০	৪.০০	২.০০
				প্রকৃত অর্জন	-	-		
১১. পরিবীক্ষণ								
১১.১ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন	পরিবীক্ষণ কাঠামো প্রণীত	তারিখ	১৩.০৭.১৭	লক্ষ্যমাত্রা	১৩.০৭.১৭	-	-	-
				প্রকৃত অর্জন	১৩.০৭.১৭	-		
১১.২ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ	পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	৪	লক্ষ্যমাত্রা	০১	০১	০১	০১
				প্রকৃত অর্জন	০১	০১	০১	০১


প্রতিবেদন মন্ত্রণালয়/ বিভাগে দাখিল								
১১.৩ আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন	পরিবীক্ষণ কাঠামো প্রণীত	তারিখ	১৩.০৭.১৭	লক্ষ্যমাত্রা	১৩.০৭.১৭	-	-	-
				প্রকৃত অর্জন	১৩.০৭.১৭			
১১.৪ আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন দপ্তর/সংস্থায় দাখিল	পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	২৮	লক্ষ্যমাত্রা	০৭	০৭	০৭	০৭
				প্রকৃত অর্জন	০৭	০৭	০৭	০৭

অধ্যায়-৩

ইঞ্জিনিয়ারিং অধিশাখার কার্যক্রম

মোটরযান নিবন্ধনঃ

কোনো ব্যক্তি বা মোটরযান মালিক কর্তৃক রেজিস্ট্রেশন সনদ ব্যতীত সড়ক, মহাসড়ক বা পাবলিক প্লেসে মোটরযান চালাতে বা চালাবার অনুমতি প্রদান করা যায় না। রেজিস্ট্রেশন সনদ ব্যতীত মোটরযান চালালে বা চালানোর অনুমতি প্রদান করা হলে জেল ও জরিমানার বিধান রয়েছে। ১৯৮৭ সাল পর্যন্ত রেজিস্ট্রেশনকৃত মোটরযানের সংখ্যা ছিল ১,৭৫,০০০ (এক লক্ষ পঁচাত্তর হাজার) টি। ২০১৮ সালের ৩০ জুন পর্যন্ত উক্ত সংখ্যা বৃদ্ধি পেয়ে সর্বমোট রেজিস্ট্রেশনকৃত মোটরযানের সংখ্যা দাঁড়িয়েছে ৩৭,১৩,৮৮৯ (সাইত্রিশ লক্ষ তের হাজার আটশত উনআশি) টি। বিআরটিএ কর্তৃক ২০১৭-২০১৮ অর্থ বছরে ৫টি মেট্রো সার্কেল এবং ৫৭টি জেলা সার্কেল অফিসের মাধ্যমে ৪,৬৮,৭০৬টি মোটরযানের রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে। ২০১২-২০১৩, ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬, ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থবছরে যথাক্রমে ১,৪৬,২৬৭টি, ১,৫০,৯৭৫টি, ১,৭৭,৫৩৭টি, ৩,৮১,১৮১টি, ৪,১২,৫৭৩টি ও ৪,৬৮,৭০৬টি মোটরযানের রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে।




অর্থ-বছর ভিত্তিক মোটরযান রেজিস্ট্রেশনের সংখ্যা

ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেটঃ


সনাতন রেজিস্ট্রেশন (ব্লু-বুক) এর পরিবর্তে মোটরযান মালিকগণের বায়োমেট্রিক নির্ভর অত্যাধুনিক প্রযুক্তির ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট (ডিআরসি) প্রস্তুত কার্যক্রম জুন, ২০১৪ হতে শুরু করা হয়। জুন ২০১৮ পর্যন্ত মোট ১৪,২২,২০২টি ডিআরসি প্রস্তুত করে ৯,৫৩,৯৩৮টি বিতরণ করা হয়। উল্লেখ্য, ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেটের জন্য বায়োমেট্রিক প্রদান ও প্রস্তুতকৃত সার্টিফিকেট সংগ্রহের জন্য গ্রাহকগণকে এসএমএস এর মাধ্যমে অবহিত করা হয়। বিআরটিএ কর্তৃক ২০১৭-১৮ অর্থ বছরে ৫টি মেট্রো সার্কেল এবং ৫৭ টি জেলা সার্কেল অফিসের মাধ্যমে ৪,৫৯,৭৮৯টি ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রস্তুত হয়েছে এবং ৩,৮৬,০৯৬টি ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট মোটরযান মালিকের নিকট সরবরাহ করা হয়েছে। ২০১৪-২০১৫ অর্থ বছরে ১,৮৩,৪৬৮ টি প্রস্তুত ও ৮২,৪০৪ টি সরবরাহ, ২০১৫-২০১৬ অর্থবছরে ৩,০১,৭৩১ টি প্রস্তুত ও ১,৭২,৮৪৬ টি সরবরাহ এবং ২০১৬-২০১৭ অর্থবছরে ৪,৭৭,২০৫টি প্রস্তুত ও ৩,১২,৫৯২টি ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট সরবরাহ করা হয়েছে।



বায়োমেট্রিক গ্রহণের ছবি



অর্থ-বছর ভিত্তিক ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রস্তুতের সংখ্যা



অর্থ-বছর ভিত্তিক ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট বিতরণের সংখ্যা

রেজিস্ট্রেশন সনদ
Certificate of Registration

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
Bangladesh Road Transport Authority

রেজিস্ট্রেশন নং / Registration No. **ঢাকা মেট্রো-ই-২৬-৭১২৬** তারিখ / Date **27/03/2016**

যানের বিবরণ / Vehicle Description
MOTOR CYCLE

যানের শ্রেণি / Vehicle Class
MOTOR CYCLE (MEDIUM) রং / Color
RED

সিসি / CC **80** জ্বালানি / Fuel
PETROL আসন / Seat
2

ইঞ্জিন নং / Engine No.
1P47FMEFF054283 চেসিস নং / Chassis No.
LXYPCEL04F0404151

ভাড়া চালিত / Hire
NO হুইলবেইজ / Wheel Base
1275

ওজন (কেজি) / Weight (Kg)
89 প্রদানকারী কর্তৃপক্ষ / Issuing Authority
MIRPUR

মালি/Unladen বোকাইকৃত/Laden

মালিকের নাম ও ঠিকানা / Owner's Name & Address:
Name: A.H.M. ANAWAR PARVEZ
Address: 1139/3 SOUTH IBRAHIMPUR KAFRUL DHAKA

মালিকানাধীন ধরণ / Owner Type: **PRIVATE** টায়ার সাইজ / Tyre Size:
2.50-18 & 2.75-18

দায়বদ্ধ / H.P.:
NO

এক্সেল ওজন / Axle Weight:
সামনে / Front মধ্য / Mid পিছনে / Back
কেজি/Kg কেজি/Kg কেজি/Kg

পরিমাপ / Measurement:
দৈর্ঘ্য / Length প্রস্থ / Width উচ্চতা / Height
মি মি/mm মি মি/mm মি মি/mm

ওভার হ্যাং / Overhang:
সামনে / Front পিছনে / Back
%

হারিয়ে গেলে বা খুঁজে গেলে
নিকটবর্তী থানায় অবহিত করুন
If lost or found, please
inform nearest police station.

ইলেক্ট্রনিক চিপ যুক্ত স্মার্টকার্ড রেজিস্ট্রেশন সার্টিফিকেট এর চিত্র




স্মার্ট কার্ড রিডার (ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট এবং ডাইভিং লাইসেন্স রিডার) এর চিত্র


রেড্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ

একাধিক মোটরযানে একই রেজিস্ট্রেশন নাম্বার রোধ এবং রাজস্ব ফাঁকি রোধ, গাড়ী চুরি/ছিনতাইসহ বিভিন্ন অপরাধ প্রবণতা হ্রাস, দিনে ও রাতে সমানভাবে দৃশ্যমান হওয়াসহ বিআরটিএ'র এনফোর্সমেন্ট কার্যক্রম শক্তিশালী করার লক্ষ্যে ৩১ অক্টোবর ২০১২ তারিখ থেকে মোটরযানের রেড্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ প্রবর্তন করা হয়। ঢাকা মহানগরীতে মোটরযানের গতিবিধি ট্র্যাকিং করার জন্য ১১টি স্থানে আরএফআইডি স্টেশন স্থাপন করা হয়েছে।

রেড্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট এবং আরএফআইডি ট্যাগ প্রবর্তনের পর থেকে জুন ২০১৮ পর্যন্ত মোট ২২,১৩,৬২৯ সেট নাম্বার প্লেট ও আরএফআইডি ট্যাগ মোটরযানের সংযোজন করা হয়েছে। বিআরটিএ কর্তৃক ২০১৭-২০১৮ অর্থ বছরে ৫টি মেট্রো সার্কেল এবং ৫৭টি জেলা সার্কেল অফিসের মাধ্যমে ৪,৭৩,৯৮৫ সেট রেড্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ প্রস্তুত হয়েছে এবং ৪,১২,৩২৯ সেট রেড্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ মোটরযানে সংযোজিত হয়েছে। ২০১২-২০১৩ অর্থ বছরে ৩,৬৬,৫৪৬ সেট প্রস্তুত ও ১,০৩,৭৪৬ সেট সংযোজন, ২০১৩-২০১৪ অর্থ বছরে ৩,৫৯,৮৫৩ সেট প্রস্তুত ও ২,৭০,১৪১ সেট সংযোজন, ২০১৪-২০১৫ অর্থ বছরে ১,৮১,৫১০ সেট প্রস্তুত ও ২,২১,৭৭৫ সেট সংযোজন, ২০১৫-২০১৬ অর্থবছরে ৪,০৩,৪২৭ সেট প্রস্তুত ও ৩,৪৪,৯৪১ সেট সংযোজন এবং ২০১৬-১৭ অর্থ বছরে ৪,২৮,৩০৮ সেট প্রস্তুত ও ৩,৯৭,০৫৫ সেট সংযোজন করা হয়েছে।



অর্থ-বছর ভিত্তিক রেড্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ প্রস্তুতের সংখ্যা



অর্থ-বছর ভিত্তিক রেড্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজনের সংখ্যা



মোটরযানে রেডা-রিস্ফেক্টিভ নাম্বারপ্লেট সংযোজনের চিত্র



রেডিও ফ্রিকুয়েন্সি আইডেন্টিফিকেশন (আরএফআইডি) ট্যাগ এর চিত্র



মোটরযানে সংযোজিত রেডিও ফ্রিকুয়েন্সি আইডেন্টিফিকেশন (আরএফআইডি) ট্যাগ এর চিত্র



আরএফআইডি আর্চ পয়েন্ট এর চিত্র (ফুট ওভারব্রিজের সাথে সংযোজিত)

Logged In
Md. Faruque Ahmed
 Change Password | Sign Out

Users
 Registrations
 Stock
 Personalization
 Shipments
 Delivery
 Report

Registration

Reg. Number: DHAKA METRO-LA-34-0952
 Chassis Number: ME1RG4426H0040386
 Vehicle Class: MOTOR CYCLE (LARGE)
 Registration Event: NEW REGISTRATION
 Ownership Type: PRIVATE
 Vehicle Color: BLUE
 Vehicle Model: INDIA YAMAHA MOTORS PVT.LTD.
 LP Priority: Regular
 DRC Priority: Very Urgent
 Current Authority: MIRPUR
 LP Personalization: Active
 DRC Personalization: Active
 Tax Token Expires On: 22/08/2027

ঢাকা মেট্রো-ল

৩৪-০৯৫২

License Plate Transaction

1 Registered	2 Payment Done	3 Validation Done	4 License Plate Embossed	5 QA Done	6 Transporting	7 Received at Region	8 Delivered to Owner
--------------	----------------	-------------------	--------------------------	-----------	----------------	----------------------	----------------------


Smart Card Transaction [Preview](#)

1 Registered	2 Payment Done	3 Validation Done	4 Smart Card Printed	5 QA Done	6 Transporting	7 Received at Region	8 Delivered to Owner
--------------	----------------	-------------------	----------------------	-----------	----------------	----------------------	----------------------

[Remake DRC](#)

Owner Name: MD KOWSAR AHMED RABBI
 Driving License Number: 9117725748
 Address: 154/1, MONIPURI PARA MIRPUR DHAKA-1215
 Phone: 01682286504 (SMS sent to 01682286504 for License Plate at 19/10/2017)
 Owner DOB:


ইলেক্ট্রনিক ভেহিক্যাল রেজিস্ট্রেশন (ইভিআর) এর চিত্র



ইলেক্ট্রনিক ভেহিক্যাল ইনফরমেশন (ইভিআই) এর চিত্র

ফিটনেস সার্টিফিকেটঃ

উপযোগিতা সার্টিফিকেট (Fitness Certificate) ছাড়া কোন মোটরযান (মোটরসাইকেল ব্যাতিত) সড়ক/মহাসড়কে চালানো যায় না। এছাড়া যে সকল ব্যক্তিগত মোটরযানসমূহের আসন সংখ্যা আট (আটভারসহ) সে সকল মোটরযান তৈরী সনসহ ৫ (পাচ) বছর ফিটনেস অব্যাহতি পেয়ে থাকে। বিআরটিএ কর্তৃক ২০১৭-২০১৮ অর্থ বছরে ৫টি মেট্রো সার্কেল এবং ৫৭ টি জেলা সার্কেল অফিসের মাধ্যমে ৬,৪৭,৮১৫টি ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন করা হয়েছে। ২০১২-২০১৩, ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছরে যথাক্রমে ৪,৫৬,৭৫৮টি, ৫,২৭,৫৬২টি, ৫,৩৬,৯৯৬টি, ৫,৭৯,৪৭৩টি এবং ৬,৪৫,২৪৮টি ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন করা হয়েছে।



অর্থ-বছর ভিত্তিক ফিটনেস সার্টিফিকেট সরবরাহের সংখ্যা

ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে স্বয়ংক্রিয়ভাবে গাড়ীর ফিটনেস সার্টিফিকেট প্রদানের লক্ষ্যে মিরপুরস্থ মোটরযান পরিদর্শন কেন্দ্র প্রতিস্থাপনপূর্বক গত ৩০ অক্টোবর ২০১৬ তারিখ থেকে চালু করা হয়েছে। ২০১৭-১৮ অর্থ বছরে উক্ত টেস্ট সেন্টারের মাধ্যমে বাস, মিনিবাস, ট্রাক, কাভার্ড ভ্যান ইত্যাদি ৯০৬৮ টি মোটরযান পরীক্ষাপূর্বক ফিটনেস সার্টিফিকেট নবায়ন করা হয়েছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
ফিটনেস সনদপত্র
FC: 5695999

যানের পরিচিতি :	গ্রাহক পরিচিতি :
রেজিস্ট্রেশন নম্বর :	সনদ নম্বর :
যানের বর্ণনা :	
চ্যাপিস নম্বর :	ভাড়া কৃত :
ইঞ্জিন নম্বর :	সিলিন্ডার :
খালি গাড়ীর ওজন :	কেজি বোঝাই ওজন :
টায়ারের সংখ্যা :	টায়ারের সাইজ :
পরিমাপ :	দৈর্ঘ্য :
ওজরহাং :	মিনি গ্রন্থ :
নাম :	মিনি উচ্চতা :
পিতা/স্বামীর নাম :	(%) পিছনে (%)
ঠিকানা :	
টিআইএন নম্বর :	মোটরযান পরিদর্শকের স্বাক্ষর
বৈধতার মেয়াদ :	
হইতে :	
পর্যন্ত :	
পরবর্তী :	নাম :
পরিদর্শনের তারিখ :	পদবী :
তারিখ :	এলাকা :

FC-2018

নির্দেশাবলী

- ফিটনেস সার্টিফিকেটটি যত্ন সহকারে সংরক্ষণ করুন। মোটরযান রাস্তায় চালাবার আগে এটি সাথে রাখুন। পুলিশ অফিসার, মোটরযান পরিদর্শক অথবা অন্য কোন অধিদপ্তর কর্তৃক চাহিদায় এটি শাখিল করুন। অন্যথায় আপনাকে আইন অনুযায়ী অস্তিত্ব হতে পারেন।
- মোটরযানের টায়ার প্রদান অথবা পরিমিত ইস্যু/নবায়ন, মোটরযানের বীমা ইত্যাদি কাজে চাহিদায় এটি সর্বদা কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করুন।
- মোটরসাইকেল ব্যতিত অন্য সকল মোটরযানের জন্য ফিটনেস সার্টিফিকেট/অব্যাহতি সনদ গ্রহণ করা বাধ্যতামূলক।
- রেজিস্ট্রেশনের ১৫ (পনের) দিনের মধ্যে অথবা পূর্ববর্তী ফিটনেস সার্টিফিকেটের মেয়াদ উত্তীর্ণের তারিখের মধ্যে ফিটনেস সার্টিফিকেটের জন্য আবেদন করা না হলে উক্ত তারিখের পর থেকে প্রতি মাস বা তার অংশের জন্য প্রযোজ্য ফি-এর ৫০% অতিরিক্ত ফি দিতে হবে।
- যদি এটি হারিয়ে যায় অথবা নষ্ট হয় তবে অনতিদিলে পানীয় জিডি-সহ সর্বশ্রেষ্ঠ মোটরযান পরিদর্শককে অবহিত করুন এবং প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করে প্রতিশ্রুতি সঙ্গত করুন।
- আপনার মোটরযান এবং জিডি/জিডি-সহ সর্বশ্রেষ্ঠ প্রয়োজনীয় তথ্যের জন্য স্থানীয় বিআরটিএ অফিসে যোগাযোগ করতে পারেন অথবা বিআরটিএ'র ওয়েব সাইট www.btra.gov.bd ভিজিট করুন।

ফিটনেস সার্টিফিকেটের চিত্র

ড্রাইভিং লাইসেন্স ইস্যু, নবায়ন ও সংযোজনঃ

কোনো ব্যক্তিকে মোটরযান চালানার কর্তৃত্ব প্রদান করে লাইসেন্স কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত দলিলকে ড্রাইভিং লাইসেন্স বলে। ড্রাইভিং লাইসেন্স ব্যতীত মোটরযান চালানো আইনতঃ দণ্ডনীয় অপরাধ। ড্রাইভিং পরীক্ষা গ্রহণের জন্য প্রত্যেক মেট্রোপলিটন ও জেলায় অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে একটি করে ড্রাইভিং কম্পিটেন্সি টেস্ট বোর্ড রয়েছে। উক্ত টেস্ট বোর্ড কর্তৃক লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা গ্রহণপূর্বক সুপারিশের ভিত্তিতে বিআরটিএ কর্তৃক ড্রাইভিং লাইসেন্স ইস্যু করা হয়।



ড্রাইভিং কম্পিটেন্সি টেস্ট বোর্ড কর্তৃক ফিল্ড টেস্ট গ্রহণ



ড্রাইভিং লাইসেন্স পরীক্ষার্থীর ফিল্ড টেস্ট প্রদান

গত ১৭ অক্টোবর ২০১১ তারিখ থেকে জাল/অবৈধ/ভুয়া ড্রাইভিং লাইসেন্স ব্যবহারের প্রবণতা রোধে ইলেক্ট্রনিক চিপযুক্ত ডিজিটাল স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স চালু করা হয়। জুন ২০১৮ পর্যন্ত মোট ১৮,৯০,৩৩২টি স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স প্রস্তুত ও বিতরণ করা হয়েছে।




বায়োমেট্রিক গ্রহণের ছবি



ডুয়েল ইন্টারফেজ পলিকার্বনেট স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স এর চিত্র

বিআরটিএ কর্তৃক ইস্যুকৃত, নবায়নকৃত ও সংযোজিত ড্রাইভিং লাইসেন্সের পরিসংখ্যান নিম্নরূপ:

অর্থ বছর	ড্রাইভিং লাইসেন্স ইস্যু, নবায়ন ও মোটরযানের শ্রেণী সংযোজনের সংখ্যা
২০১৩-২০১৪	১,৯৯,০০১
২০১৪-২০১৫	২,১৬,৭৯৯
২০১৫-২০১৬	২,৭৯,৮৭৩
২০১৬-২০১৭	৩,৪০,২৮৮
২০১৭-২০১৮	৫,২৬,১৯৮




অর্থ-বছর ভিত্তিক ড্রাইভিং লাইসেন্স ইস্যু, নবায়ন ও মোটরযানের শ্রেণী সংযোজনের সংখ্যা

রুট পারমিট সার্টিফিকেট ইস্যু ও নবায়নঃ

সকল বাণিজ্যিক মোটরযান এবং যে সকল ব্যক্তিগত মোটরযানসমূহের আসন সংখ্যা ড্রাইভার ব্যতীত ৯ (নয়) বা ততোধিক সে সকল মোটরযানের রুট পারমিট থাকা আবশ্যিক। মোটরযান অধ্যাদেশ ১৯৮৩ এর ৫৪ ধারা মোতাবেক প্রতিটি মেট্রোপলিটন এলাকায় এবং জেলায় একটি করে আঞ্চলিক পরিবহন কমিটি (Regional Transport Committee) রয়েছে। উক্ত কমিটি কর্তৃক রুট পারমিট ইস্যু ও নবায়ন করা হয়ে থাকে।

বিআরটিএ কর্তৃক ২০১৭-২০১৮ অর্থ বছরে ৫টি মেট্রো সার্কেল এবং ৫৭ টি জেলা সার্কেল অফিসের মাধ্যমে ১,৫৭,০০০টি রুট পারমিট সার্টিফিকেট ইস্যু ও নবায়ন করা হয়েছে। ২০১২-২০১৩, ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছরে যথাক্রমে ১,০২,৪০৬টি, ১,৪৮,৬২৯টি, ১,৩০,৮০৮টি, ১,৩৭,৪০৫টি এবং ১,৭৫,৪৬৬টি রুট পারমিট সার্টিফিকেট ইস্যু ও নবায়ন করা হয়েছে।



অর্থ-বছর ভিত্তিক রুট পারমিট সার্টিফিকেট এর সংখ্যা

মোটর ড্রাইভিং স্কুল রেজিস্ট্রেশন এবং ইন্সট্রাক্টর লাইসেন্স প্রদানঃ

দেশে পর্যাপ্ত ড্রাইভিং স্কুল ও ইন্সট্রাক্টর-এর অপ্রতুলতায় প্রয়োজনীয় সংখ্যক দক্ষ গাড়ীচালক তৈরি ব্যাহত হচ্ছিল। এ লক্ষ্যে বিআরটিএ ধারাবাহিকভাবে ড্রাইভিং ইন্সট্রাক্টর ও ড্রাইভিং প্রশিক্ষণ স্কুল রেজিস্ট্রেশন প্রদান করছে। জুন ২০১৮ পর্যন্ত ১৭৯ জনকে ড্রাইভিং ইন্সট্রাক্টর লাইসেন্স এবং ১২৩টি ড্রাইভিং স্কুলকে রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে।

মেয়াদোত্তীর্ণ সিএনজি চালিত ৪-স্টোক থ্রি হইলার অটোরিক্সা প্রতিস্থাপনঃ

মেয়াদোত্তীর্ণ সিএনজি চালিত ৪-স্টোক থ্রি-হইলার অটোরিক্সা প্রতিস্থাপনের উদ্দেশ্যে ঢাকা মহানগরীতে ৫,৮৬১টি এবং চট্টগ্রাম মহানগরীতে ২,৯৭২টি থ্রি-হইলার স্ক্যাপ করে প্রতিস্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তন্মধ্যে ৩০ জুন ২০১৮ তারিখ পর্যন্ত ঢাকা মহানগরীতে ৩,৫৪৭টি এবং চট্টগ্রাম মহানগরীতে ৪৫৪টি মেয়াদোত্তীর্ণ থ্রি-হইলার স্ক্যাপ করা হয়েছে।

রাইড শেয়ারিং প্রতিষ্ঠান ও রাইডারদের অনলাইন আবেদনঃ

স্বল্প দূরত্বের গণপরিবহনের অপ্রতুলতা হ্রাসকল্পে ব্যক্তিগত মোটরযানসমূহ অব্যবহৃত সময়ে ভাড়ায় পরিচালনার জন্য স্মার্টফোন অ্যাপভিত্তিক রাইড শেয়ারিং সার্ভিস নীতিমালা, ২০১৭ গেজেট আকারে প্রকাশিত হয়েছে। রাইড শেয়ারিং সার্ভিস সেবাদানকারী প্রতিষ্ঠান হিসেবে এনলিস্টমেন্ট সার্টিফিকেট প্রদানের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।

অধ্যায়- ৪

অপারেশন অধিশাখার কার্যক্রম

১৯৮৭ সনে প্রতিষ্ঠিত বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) একটি রেগুলেটরি সংস্থা হলেও এটি সড়ক পরিবহন ব্যবস্থায় নানাবিধ সার্ভিস প্রদান করে থাকে। বর্তমানে ৬২টি সার্কেল অফিসের মাধ্যমে বিআরটিএ দেশের প্রতিটি জেলা ও মেট্রোপলিটন এলাকায় সার্ভিস প্রদান করে। একটি আধুনিক, নিরাপদ, পরিবেশ বান্ধব ও তথ্য প্রযুক্তি নির্ভর সড়ক পরিবহণ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে বিগত বছরসমূহে এ অথরিটির প্রাতিষ্ঠানিক ও কারিগরি দক্ষতা ক্রমান্বয়ে ব্যাপকভাবে বৃদ্ধি করা হয়েছে এবং এ উদ্যোগ অব্যাহত আছে। বিআরটিএর সার্ভিসগুলোর মধ্যে অন্যতম হচ্ছে- মোটরযানের রেজিস্ট্রেশন, ফিটনেস, ড্রাইভিং লাইসেন্স, রুট পারমিট ইত্যাদি। অনলাইনভিত্তিক সকল কার্যক্রম বাস্তবায়ন ও তদারকিসহ অপারেশন শাখা নিম্নোক্ত কার্যক্রম পরিচালনা করে।

আইসিটি কার্যক্রম সংক্রান্তঃ

অনলাইন ব্যাংকিং সিস্টেমঃ

মোটরযানের কর ও ফি আদায় সহজ করা এবং আদায় ব্যবস্থায় স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার মাধ্যমে রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে ১৪ নভেম্বর ২০১০ তারিখ থেকে মোটরযানের যাবতীয় কর ও ফি আদায়ে অনলাইন ব্যাংকিং পদ্ধতি চালু করা হয়। বর্তমানে ১৭টি ব্যাংকের ৩৩২টি শাখা ও ১৪টি বুথের মাধ্যমে এ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া Ipay BRTA (www.ipaybrta.cnsbd.com) অন-লাইন পোর্টাল ব্যবহার করে ডেবিট/ক্রেডিট কার্ড এবং ডাচ-বাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিং একাউন্ট ‘রকেট’ এর মাধ্যমেও মোটরযানের কর ও ফি পরিশোধ করা যায়। এ ব্যবস্থা চালুর পর থেকে জুন ২০১৮ পর্যন্ত মোটরযান কর ৩৫৬২.৯৭ কোটি, রেজিস্ট্রেশন ফি ২৭১৯.০৫ কোটি, ড্রাইভিং লাইসেন্স ফি ৪৬৮.৯৮ কোটি, নাম্বার প্লেট ফি ৭৩১.২২ কোটি, আয়কর বাবদ ৪৫৩১.৬২ কোটি, ভ্যাট ১১৪৯.৯২ কোটি এবং অন্যান্য ফি ১০৩১.৫৯ কোটি মোট ১৪১৯৫.৩৭ কোটি টাকা রাজস্ব আদায় করা সম্ভব হয়েছে। বিগত তিন বছরের রাজস্ব আদায়ের বিরবণ নিম্নরূপ:

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
[www.bרתা.gov.bd](http://www.bрта.gov.bd)

www.ipaybrta.cnsbd.com

১. মোটরযান কর
২. রুট পারমিট ফি
৩. ফিটনেস ফি ও আয়কর
৪. মোটরযান নিবন্ধন ফি
৫. ড্রাইভিং লাইসেন্স ফি

সুবিধাসমূহঃ

- নিরাপদ ও দ্রুত
- এসএমএস কনফার্মেশন
- অনলাইন মানি রিসিট প্রিন্ট

VISA MasterCard
DBBL Nexus
রকেট


অনলাইন paymentঃ

- যে কোন ব্যাংকের ডেবিট/ ক্রেডিট / ভিসা/ মাস্টার কার্ড।
- ডাচ-বাংলা নেস্সাস কার্ড
- ডাচ-বাংলা রকেট মোবাইল একাউন্ট

যে কোন তথ্যের জন্য
যোগাযোগ করুনঃ
০১৮৪৪০২০৭৮৮

BRTA
এর সব ধরনের
কর ও ফি
অনলাইনে জমা
দিন।

বছর	রাজস্ব আয় (কোটি টাকা)									
	মোটরযান কর	রেজিস্ট্রেশন	ড্রাইভিং লাইসেন্স	অন্যান্য	নাথার প্লেট	ভ্যাট	বিআরটি এ মোট	আয়কর (কর্পোরে ট)	আয়কর (ব্যক্তি)	সর্বমোট
২০১৫-১৬	৬৬১.৩৩	৫৫৩.০৬	৬৬.৬৫	১৭২.৯৬	১৬১.৪০	২২২.৪০	১৬১৫.৩৯	২৩০.৪৯	৪৭৩.৫৮	২৫৪১.৮৭
২০১৬-১৭	৫২১.৪৮	৫৪০.০৮	৯১.৩৩	১৯০.১০	১২২.১৮	২০১.৮৯	১৪৬৫.১৭	২৮৮.৭০	৬০৫.৬১	২৫৬১.৩৮
২০১৭-১৮	৫৪৭.৭৮	৬০১.২১	১১৪.৯৫	১৮৮.৭৯	১৩৬.৮৩	২১৭.৮০	১৫৮৯.৫৫	২৭৬.৬৩	৫৮০.৯৭	২৬৬৪.৯৫



কেন্দ্রীয় ডাটা সেন্টার ও ওয়েব পোর্টালঃ

এ অথরিটি প্রদেয় সকল ডিজিটাল সার্ভিসের ডাটা সংরক্ষণ, ব্যবহার ও নিরাপত্তা নিশ্চিত করার উদ্দেশ্যে বিআরটিএ'তে ব্যাকআপ ও ডিজাস্টার রিকভারি সেন্টারসহ একটি অত্যাধুনিক ডাটা সেন্টার স্থাপন করা হয়েছে। উক্ত ডাটা সেন্টারে অনলাইন ব্যাংকিং, স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স, ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট, বিআরটিএ ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম ইত্যাদি সার্ভিসের ডাটা সংরক্ষিত রয়েছে।

বিআরটিএ ইনফরমেশন সিস্টেম (BRTA-IS):

১৯৮৭ সনে প্রতিষ্ঠিত হলেও ১৯৯৪ সনে উক্ত সার্ভিসগুলো প্রদানে ডিজিটাল সিস্টেম প্রবর্তন করা হয়। তখন স্ট্যান্ড এলোন কম্পিউটিং সিস্টেমের মাধ্যমে প্রতিটি অফিস থেকে আলাদাভাবে উক্ত সার্ভিসগুলো প্রদান করা হতো। ২০০১ সনে বিশ্ব ব্যাংকের কারিগরি ও আর্থিক সহায়তায় উক্ত স্ট্যান্ড এলোন কম্পিউটিং সিস্টেমকে আপ-গ্রেড করে মালটি-উজ্জার ওয়েব-বেজড এ্যাপ্লিকেশন তৈরী করা হয় এবং বিদ্যমান সিস্টেমের ডাটা উক্ত সিস্টেমে মাইগ্রেট করা হয়। এছাড়া বিদ্যমান পেপার-বুক ফরমেটের ডাটা উক্ত সিস্টেমে এন্ট্রি করা হয়। এতদব্যতীত ডায়াল-আপ নেটওয়ার্কিং সিস্টেমে সেন্ট্রাল সার্ভারে ডাটা ট্রান্সফারিং ব্যবস্থা চালু করা হয়। তবে, ডায়াল-আপ সিস্টেমের সীমাবদ্ধতার কারণে দেশের প্রতিটি অঞ্চল থেকে সেন্ট্রাল সার্ভারে ডাটা ট্রান্সফার ব্যবস্থা সফল হয়নি। ইন্টারনেট সিস্টেমের ব্যাপক প্রসারের ফলে ২০১১ সনে বিআরটিএ'র বিদ্যমান ডিজিটাল সার্ভিস প্রোভাইডিং সিস্টেমকে সেন্ট্রাল সার্ভার বেজড কম্পিউটিং ব্যবস্থায় রূপান্তর করা হয়। এ ব্যবস্থায় প্রতিটি জেলা ও মেট্রোপলিটন এলাকার সার্কেল অফিসকে ইন্ট্রানেটের মাধ্যমে সেন্ট্রাল সিস্টেমের সাথে সার্বক্ষণিকভাবে যুক্ত করা হয়। বিআরটিএ ইনফরমেশন সিস্টেম একটি ওয়েবভিত্তিক সফটওয়্যার যার মাধ্যমে নিম্নোক্ত কার্যক্রম সম্পাদন করা হয়-

- মোটরযানের রেজিস্ট্রেশন প্রদান;
- রুট পারমিট ইস্যু ও নবায়ন;
- মোটরযানের ফিটনেস ইস্যু ও নবায়ন;
- ট্যাক্স সার্টিফিকেট ইস্যু ও নবায়ন;
- লার্নার ড্রাইভিং লাইসেন্স ইস্যু;
- বিভিন্ন ধরনের রিপোর্ট প্রস্তুত করা।

বিআরটিএ সার্ভিস পোর্টাল (www.bsp.brta.gov.bd):

গ্রাহকগণের বিআরটিএ প্রদেয় সেবাসমূহ প্রাপ্তির জন্য অতিসহজে অন-লাইনে আবেদন করার এবং কতিপয় সেবা ঘরে বসেই পাওয়ার সুযোগ প্রদানে বিগত ২৮ জুন ২০১৮ খ্রিষ্টাব্দ তারিখে বিআরটিএ সার্ভিস পোর্টাল পরীক্ষামূলকভাবে চালু করা হয়েছে। উক্ত অন-লাইন পোর্টালের মাধ্যমে-

- ক) লার্নার ড্রাইভিং লাইসেন্সের আবেদন করা ও ঘরে বসেই লার্নার ড্রাইভিং লাইসেন্স প্রিন্ট করা যায়;
- খ) ড্রাইভিং লাইসেন্স ইস্যু, নবায়ন, শ্রেণী ও ধরন পরিবর্তন, রেকর্ড সংশোধন, ডুপ্লিকেট ড্রাইভিং লাইসেন্স ইত্যাদির আবেদন করা যায় এবং প্রযোজ্যক্ষেত্রে বায়োমেট্রিক্স প্রদানের জন্য গ্রাহকের সুবিধামত সময়ে এ্যাপয়েন্টমেন্ট গ্রহণ করা যায়;
- গ) অনলাইনে মোটরযান নিবন্ধনের আবেদন (গ্রাহকের পক্ষে ডিলার কর্তৃক আবেদন) করা যায়;
- ঘ) ফিটনেস নবায়নের জন্য ঢাকা মেট্রো সার্কেল-১, মিরপুর এ গাড়ি হাজির করার জন্য সুবিধাজনক সময়ে এ্যাপয়েন্টমেন্ট গ্রহণ করা যায়;
- ঙ) মোটরযানের মালিকগণ নিজস্ব গাড়ি ও গাড়ির ড্রাইভারগণের ড্রাইভিং লাইসেন্স ট্যাগ করতে পারেন।
- চ) যে কোন সার্ভিসের জন্য প্রযোজ্য কর ও ফি জমা প্রদান করত: জমা রশিদ প্রিন্ট করা যায়;

ভবিষ্যতে অনলাইনে মালিকানা বদলীর নিবন্ধনের আবেদন করার প্রক্রিয়াও চালু করার পরিকল্পনা রয়েছে।

ই-টেন্ডার/ই-জিপি-এর মাধ্যমে ক্রয় কার্য সম্পাদনঃ

টেন্ডার প্রক্রিয়ায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও উন্মুক্ত প্রতিযোগিতা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) এর ক্রয় কার্যক্রম ই-জিপি-এর মাধ্যমে সম্পন্ন করা শুরু হয়েছে। ২০১৭-১৮ অর্থবছরে প্রায় ১ কোটি ৩২ লক্ষ টাকার ৪ টি ক্রয় কার্যক্রম ই-জিপি-এর মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। পরবর্তী অর্থবছরসমূহে ই-জিপি সিস্টেমের মাধ্যমে ক্রয় কার্য সম্পন্ন করা হবে।

ই-নথিঃ

পর্যায়ক্রমে পেপারলেস অফিস স্থাপন ও যে কোন স্থান থেকে যে কোন সময় দূত নথি নিষ্পত্তির লক্ষ্যে NESS এর নতুন ভার্সন ই-নথি এ বিভাগে চালু করা হয়েছে। পর্যায়ক্রমে সকল নথি এ কার্যক্রমের আওতায় আনা হবে। ২০১৭-১৮ অর্থবছরে মোট ১১৩টি ডাক ও ৬৬টি নথি নিষ্পন্ন হয়েছে।

“বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ” অফিসের কার্যবিবরণী (২০১৭-০৭-০১ - ২০১৮-০৬-৩০)														
অফিসের নাম	ব্যবহারকারী	সর্বশেষ হালনাগাদ	ডাক			নথি				প্রজ্ঞাপিত নিষ্পন্ন নোট		কর্মকর্তা বিহীন পদবি		
			মোট গ্রহণ	মোট নিষ্পন্ন	মোট অনিষ্পন্ন	মোট স্ব-উদ্যোগে নোট	মোট ডাক থেকে সৃষ্টি নোট	মোট নোটে নিষ্পন্ন	মোট অনিষ্পন্ন নোট	আন্তঃসিস্টেম	ইমেইল ও অন্যান্য	মোট মোট	মোট ডাক	মোট অনিষ্পন্ন নোট
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ	৪৯	২০১৮-১০-০৭	৪৮৬	১১৩	৩৭৫	১০৯	১৬	৬৬	৬	৫৭	১০	৭৩	০	০

ইনোভেশন সার্কেলঃ

উদ্ভাবনের মাধ্যমে সেবার মানোন্নয়নের লক্ষ্যে এ বিভাগে ইনোভেশন টিমসমূহ কাজ করে যাচ্ছে। এ বিভাগের উল্লেখযোগ্য বাস্তবায়নাত্মক ইনোভেটিভ আইডিয়াসমূহ হলো- ডাইভিং কম্পিউটারি স্টেশন বোর্ডের পরীক্ষার্থীদের লিখিত পরীক্ষা কার্যক্রম অটোমেশন, সড়ক নির্মাণের বিভিন্ন উপকরণ ও নির্মাণসামগ্রী সড়ক গবেষণাগারে পরীক্ষাকরণ, ৩০ লক্ষ নথি Digital আর্কাইভকরণ, রোড নেটওয়ার্ক এর তথ্য অনুসন্ধান, সড়ক ও জনপথ অধিদপ্তরের যানবাহন ও যন্ত্রপাতির ইনভেন্টরি ব্যবস্থাপনা, Rapid Pass প্রচলন এর মাধ্যমে যাত্রী সেবার মান উন্নয়ন এবং নিরবচ্ছিন্ন যাত্রী সেবা প্রদান।

উদ্ভাবনী উদ্যোগ (ইনোভেশন) ও সেবা পদ্ধতি সহজীকরণঃ

উদ্ভাবনের মধ্যমে সেবার মানোন্নয়নের লক্ষ্যে বিআরটিএ'র সদর কার্যালয়, বিভাগীয় অফিস, সার্কেল অফিসসমূহে ইনোভেশন সার্কেল গঠন করা হয়েছে। উল্লেখযোগ্য বাস্তবায়নাধীন ইনোভেটিভ আইডিয়াসমূহ হলো- ড্রাইভিং কম্পিটেন্সি টেস্ট বোর্ডের পরীক্ষার্থীদের লিখিত পরীক্ষা কার্যক্রম অটোমেশন, কল সেন্টার স্থাপন, নথি Digital আর্কাইভকরণ, সেবা সহজীকরণ ও জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার নিমিত্ত বিআরটিএ'র ইনোভেশন টিমসমূহ ০৮ (আট)টি উদ্ভাবনী আইডিয়া নিয়ে কাজ করে যাচ্ছে। তন্মধ্যে ড্রাইভিং কম্পিটেন্সি টেস্ট বোর্ডের পরীক্ষার্থীদের লিখিত পরীক্ষা কার্যক্রম অটোমেশন, অনলাইনে শিক্ষানবীশ ড্রাইভিং লাইসেন্স (লার্নার) আবেদন, অনলাইনে মোটরযানের ফিটনেসের এ্যাপয়েন্টমেন্ট গ্রহণ কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করা হয়েছে। অবশিষ্ট ০৫(পাঁচ)টি আইডিয়া নিয়ে কাজ চলছে।

২০১৭-২০১৮ অর্থ বছরের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনায় উল্লিখিত উদ্ভাবনসহ অন্যান্য উদ্ভাবনের নাম ও কার্যক্রমের অগ্রগতি তথ্যঃ

ক্রমিক নং	উদ্ভাবনের নাম	উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ	উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা	উদ্ভাবকের নাম ও ঠিকানা	কার্যক্রমের অগ্রগতি (%)
১	মোবাইল মেসেজের মাধ্যমে স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স এর তথ্য যাচাই।	গ্রাহকগ ঘরে বসেই তাঁর ও নিয়োগকৃত ড্রাইভারের ড্রাইভিং লাইসেন্সের সঠিকতা যাচাই করতে পারবে	সেবাগ্রহীতাগণের সময়, অর্থ সাশ্রয় করা ও বিআরটিএ'র কাজে স্বচ্ছতা আনয়ন	এ.এইচ.এম আনোয়ার পারভেজ, সিনিয়র কম্পিউটার অপারেটর, বিআরটিএ	১০০%
২	অনলাইনে মোটরযানের অগ্রিম আয়কর ক্যালকুলেটর;	গ্রাহকগণ ঘরে বসে অনলাইনে বিআরটিএ'র মোটরযানের অগ্রিম আয়করের পরিমাণ জানতে পারবেন	সেবাগ্রহীতাগণের সময়, অর্থ সাশ্রয় করা ও বিআরটিএ'র কাজে স্বচ্ছতা আনয়ন	এ.এইচ.এম আনোয়ার পারভেজ, সিনিয়র কম্পিউটার অপারেটর, বিআরটিএ	১০০%
৩	মোটরযানের ট্যাক্স-টোকেন এর মেয়াদ উত্তীর্ণের পূর্বেই মোটরযানের মালিকগণকে এসএমএস এর মাধ্যমে অবগত করা	মোটরযানের ট্যাক্স-টোকেন এর মেয়াদ উত্তীর্ণের পূর্বেই মোটরযানের মালিকগণকে এসএমএস এর মাধ্যমে অবগত করা	সেবাগ্রহীতাগণের সময়, অর্থ সাশ্রয় করা ও বিআরটিএ'র কাজে স্বচ্ছতা আনয়ন	শফিকুজ্জামান ভূঞা, উপপরিচালক (ইজি:), বিআরটিএ	১০০%
৪	ড্রাইভিং কম্পিটেন্সি টেস্ট বোর্ডের পরীক্ষার্থীদের লিখিত পরীক্ষা কার্যক্রম অটোমেশন;	কম্পিউটারাইজড পদ্ধতিতে ড্রাইভিং কম্পিটেন্সি টেস্ট বোর্ডের পরীক্ষার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণ	বিআরটিএ'র কাজে স্বচ্ছতা আনয়ন	শীতাংশু শেখর বিশ্বাস পরিচালক (অপারেশন) বিআরটিএ	৮০%

মোটরযান পরীক্ষণ কেন্দ্রসমূহ (ভিআইসি) পরিচালনা ও রক্ষণাবেক্ষণঃ


স্বয়ংক্রিয়ভাবে পরীক্ষাপূর্বক মোটরযানের ফিটনেস সার্টিফিকেট ইস্যুর লক্ষ্যে মিরপুরস্থ মোটরযান পরিদর্শন কেন্দ্র (ভিআইসি) প্রতিস্থাপনপূর্বক গত ৩০ অক্টোবর ২০১৬ তারিখ হতে চালু করা হয়েছে। দুই-লেন বিশিষ্ট ভিআইসি ফিটনেস এর জন্য আগত সকল মোটরযানের ফিটনেস পরীক্ষার জন্য পর্যাপ্ত না হওয়ায় উক্ত ভিআইসি'র পাশাপাশি আউটসোর্সিং পদ্ধতিতে আরো ১৫-লেন বিশিষ্ট ভিআইসি স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ ছাড়া ময়মনসিংহ, টাঙ্গাইল, ফরিদপুর, বরিশাল, পটুয়াখালী, পাবনা, যশোর, কুষ্টিয়া, সিলেট, রংপুর, দিনাজপুর, বগুড়া, কুমিল্লা, নোয়াখালী, রাঙামাটি, সাতক্ষীরা ও গোপালগঞ্জ জেলায় নতুন ভেহিক্যাল ইন্সপেকশন সেন্টার (ভিআইসি) সহ বিআরটিএ কমপ্লেক্স স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।



ঢাকা মেট্রো সার্কেল-১ (মিরপুর)-এ দুই লেন বিশিষ্ট একটি ভেহিক্যাল ইন্সপেকশন সেন্টার (ভিআইসি)



মোটরযানের ফ্রন্ট এলাইনমেন্ট, ব্রেক ও স্পীড পরীক্ষা করা হচ্ছে।



মোটরযানের ব্রেক ও স্পীড টেস্ট-এর ফলাফল অটোমেটিক পদ্ধতিতে প্রদর্শন।

ভূমি অধিগ্রহণ, স্থাপনা নির্মাণ ও মেরামত সংক্রান্তঃ

বিআরটিএ সদর কার্যালয় ভবন নির্মাণ:

বর্তমান সরকার সেতু ভবন সংলগ্ন সড়ক ও জনপথ অধিদপ্তরের খালি জায়গায় বিআরটিএ'র নিজস্ব স্থায়ী ভবন নির্মাণের নীতিগত অনুমোদন প্রদান করে। তিনটি বেইজমেন্টসহ মোট ১৫ তলা বিশিষ্ট “বিআরটিএ ভবন”-এর আনুষ্ঠানিক নির্মাণ কাজ ৪ এপ্রিল, ২০১৪ তারিখ আরম্ভ হয়। সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের এমপি উক্ত নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন। জুন-২০১৮ মাসে এর নির্মাণ কাজ সম্পন্ন হয়। অবকাঠামো ও বিশেষ স্থাপনা বিবেচনায় ঢাকা শহরের সরকারি ভবনগুলোর মধ্যে বিআরটিএ'র এ নবনির্মিত ভবন অন্যতম। এ ভবনটির স্থাপত্য কলাকৌশল, নকশা, অত্যাধুনিক নিরাপত্তা ব্যবস্থা, কেন্দ্রীয়ভাবে শীতাতপ নিয়ন্ত্রণ, স্ট্যান্ড বাই জেনারেটর, লিফট ইত্যাদিসহ প্রকৌশলগতভাবে বিশেষায়িত হওয়ায় এর অভ্যন্তরে সুষ্ঠু কর্মপরিবেশ নিশ্চিত করা সম্ভব হবে। শীঘ্রই ভবনটি উদ্বোধন করা হবে।



বনানীস্থ বিআরটিএ'র নতুন ভবন

নবনির্মিত ভবন পরিচিতি

ভবনের নাম	:	বিআরটিএ ভবন
প্রত্যাশি সংস্থা	:	বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
বাস্তবায়নকারী সংস্থা	:	সড়ক ও জনপথ অধিদপ্তর
প্রশাসনিক মন্ত্রণালয় ও বিভাগ	:	সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
মোট ব্যয়	:	৭৪১৫.৫২ লক্ষ টাকা
অর্থায়নে	:	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাস্তবায়নকারী পরামর্শক	:	ডেক্সটারাস কনসালট্যান্টস লিমিটেড
ভবন নির্মাণকারী ঠিকাদার	:	কুশলী নির্মাতা লিমিটেড
যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সরবরাহকারী	:	
কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা	:	অলোক রেফ্রিজারেশন কোম্পানী লিমিটেড
বৈদ্যুতিক সাব-স্টেশন ও জেনারেটর	:	এডেক্স কর্পোরেশন লিমিটেড
লিফট	:	কনসেপ্ট এলিভেটর এন্ড ইঞ্জিনিয়ারিং লিমিটেড
আসবাবপত্র	:	পারটেক্স ফার্নিচার ইন্ডাস্ট্রিজ লিমিটেড
ভবনের অবস্থান ও বর্ণনা	:	ক) অবস্থান : চেয়ারম্যানবাড়ী, বনানী, ঢাকা খ) তলা : ৩টি বেজমেন্ট সহ ১৫তলা গ) ফ্লোর এরিয়া : ৯৪৯৩৪ বর্গফুট ঘ) লিফট : ৪টি ঙ) পার্কিং ধারণক্ষমতা: ৬৮টি
বাস্তবায়নকাল	:	এপ্রিল-২০১৪ হইতে জুন-২০১৮

মাল্টিপারপাস ড্রাইভিং ট্রেনিং এন্ড টেস্টিং সেন্টারসহ বিআরটিএ কমপ্লেক্স নির্মাণঃ

পেশাদার চালকদের দক্ষতা ও সচেতনতা বৃদ্ধি করে সড়ক দুর্ঘটনা হ্রাস এবং ড্রাইভিং লাইসেন্স প্রার্থীদের ড্রাইভিং দক্ষতা পরীক্ষা গ্রহণের উদ্দেশ্যে পূর্বাচল এবং চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা বিভাগীয় শহরে এবং ১৯টি বৃহত্তর জেলা সদর যেমন ময়মনসিংহ, টাঙ্গাইল, ফরিদপুর, বরিশাল, পটুয়াখালী, পাবনা, যশোর, কুষ্টিয়া, সিলেট, রংপুর, দিনাজপুর, বগুড়া, কুমিল্লা, নোয়াখালী, রাঙামাটি জেলায় নতুন Motor Driving Testing and Training Center (MDTTC) কাম বিআরটিএ কমপ্লেক্স স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে ময়মনসিংহ জেলায় ৩.০০ একর জমি বিআরটিএ'র অনুকূলে হস্তান্তর করা হয়েছে। এছাড়া রাঙামাটি জেলায় ৪.৫ একর জমি অধিগ্রহণের ১৭,৬১,৯৯,৭২৭.৬১ টাকা জেলা প্রশাসক রাঙামাটি বরাবর ন্যস্ত করা হয়েছে। নোয়াখালী জেলায় ৩.০০ একর জমি খাস জমি অধিগ্রহণের নিমিত্ত সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়েছে। কুমিল্লা, ফরিদপুর ও সাতক্ষীরা জেলা এতদুদ্দেশ্যে ভূমি অধিগ্রহণের কাজ প্রক্রিয়াধীন রয়েছে।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়নঃ

২০১৫-১৬ খ্রিঃ থেকে অথরিটি এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি চালু আছে। এরই ধারাবাহিকতায় ২০১৭-১৮ খ্রিঃ এ চুক্তি সম্পন্ন হয় এবং অধিকাংশই (শতকরা ৯০ ভাগের বেশি) বাস্তবায়িত হয়।

বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর মধ্যে স্বাক্ষরিত ২০১৭-১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন

কলাম-১	কলাম-২	কলাম-৩		কলাম-৪	কলাম-৫					কলাম-৬		
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indication)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18)					জুলাই/১৭ হতে জুন/১৮ পর্যন্ত অর্জন	খসড়া কোর	ওয়েটেড খসড়া কোর
					অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতিমানের নিম্নে (Poor)			
					১০০ %	৯০ %	৮০ %	৭০ %	৬০ %			
১. মোটর যান ব্যবস্থাপনার আধুনিকায়ন	[১.১] যানবাহনের ডিজিটাল রেজি	[১.১.১] ইস্যুকৃত ডিজিটাল রেজি: সার্টিফিকেট	সংখ্যা (লক্ষ)	৭	৪.০০	৩.৯৫	৩.৯০	৩.৮৫	৩.৮০	৪.৬৯	৭	৭
	রেজি স্ট্রেশন সার্টিফিকেট ইস্যু	[১.১.২] মোটরযানে রেজি রিলেক্সকটিভ নম্বরপ্লেট সংযোজন	সংখ্যা (লক্ষ)	৪	৪.০০	৩.৮০	৩.৬০	৩.৪০	৩.২০	৪.০৭	৪	৪
	[১.২] যানবাহনের ফিটনেস সার্টিফিকেট	[১.২.১] নবায়নকৃত ফিটনেস সার্টিফিকেট	সংখ্যা (লক্ষ)	৬	৫.২০	৫.১৫	৫.১০	৫.০৫	৫.০০	৫.২২	৬	৬
	স সার্টিফিকেট ইস্যু ও নবায়ন	[১.২.২] ইস্যুকৃত ফিটনেস সার্টিফিকেট	সংখ্যা (লক্ষ)	৪	০.৮০	০.৭৮	০.৭৬	০.৭৪	০.৭২	০.৯৮	৪	৪
	[১.৩] মোটর সাইকেলের ট্যাক্সটোকেন দশ বছর মেয়াদে ত্তে যাচাই করণ	[১.৩.১] ট্যাক্সটোকেনযাচাইকৃতমোটরসাইকেল	সংখ্যা	৪	৭৫০০	৭৪৮০	৭৪৬০	৭৪৫০	৭৪৪০	৯৫৬	০	০

কলাম-১	কলাম-২	কলাম-৩		কলাম-৪	কলাম-৫					কলাম-৬		
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indication)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18)					জুলাই/১৭ হতে জুন/১৮ পর্যন্ত অর্জন	খসড়া স্কোর	ওয়েটেড খসড়া স্কোর
					অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতিমানের নিম্নে (Poor)			
					১০০%	৯০%	৮০%	৭০%	৬০%			
	[১.৪] ডাইভিং লাইসেন্স ইস্যুকরণ	[১.৪.১] শিক্ষানবীস ডাইভিং লাইসেন্স ইস্যুকরণ (সময়সীমা)	ঘন্টা	৫	২৪	৩৬	৪৮	৬০	৭২	৪৭৫৯৫৫টি ইস্যুকৃত শি.ন. ডা. লাইসেন্সেরমধ্যে ৪৭১১০৮ টি ২৪ঘণ্টারমধ্যে ইস্যুকৃত	৪.৫	৪.৫
		[১.৪.২] ডাইভিং লাইসেন্স ইস্যু	সংখ্যা (লক্ষ)	৩	৩.২৫	৩.০৫	২.৯০	২.৮০	২.৭০	৩.৬০	৩	৩
		[১.৪.২] ডাইভিং লাইসেন্সনবায়ন	সংখ্যা (হাজার)	৩	৬৫	৬০	৫৫	৫০	৪৫	১১৪	৩	৩
	[১.৫] মোটরযান কর ও ফি আদায়	[১.৫.১] সংগৃহীত রাজস্ব	পরিমাণ (কোটি টাকায়)	৪	১৬০০.০০	১৫৫০.০০	১৫০০.০০	১৪৫০.০০	১৪০০.০০	১৫৮৯.৫৫	৩.৬০	৩.৬০
	[১.৬] অফরোড গাড়ীকে রাইট অফ করা	[১.৬.১] বিজ্ঞপ্তি প্রকাশিত	তারিখ	৪	৩০.০৮.১৭	১৪.০৯.১৭	২৮.০৯.১৭	১৫.১০.১৭	৩১.১০.১৭	৩০-০৮-২০১৭	৪	৪
		[১.৬.২] আন্তঃমন্ত্রণালয় সভা পরিচালিত	তারিখ	৪	২৮.০২.১৮	০৫.০৩.১৮	১২.০৩.১৮	১৯.০৩.১৮	২৭.০৩.১৮	২৮-০২-২০১৮	৪	৪
		[১.৬.৩] জেলা পর্যায়ে সভা পরিচালিত	সংখ্যা	৪	৫০	৪৫	৪০	৩৫	৩০	৬০	৪	৪
		[১.৬.৪] ডাটাবেইজ হালনাগাদকৃত	তারিখ	৪	৩১.০৫.১৮	০৭.০৬.১৮	১৫.০৬.১৮	২২.০৬.১৮	২৯.০৬.১৮	৩১.০৫.১৮	৪	৪
	[১.৭] যানবাহনের সৌন্দর্য বৃদ্ধিকরণ	[১.৭.১] স্টেক হোল্ডারদের সাথে সভা	তারিখ	৩	২৮.০৮.১৭	১৩.৯.১৭	১৩.১০.১৭	১০.১১.১৭	২৪.১১.১৭	২৮-০৮-২০১৭	৩	৩
		[১.৭.২] বিজ্ঞপ্তি প্রকাশিত	তারিখ	২	২৮.০৯.১৭	১৩.১০.১৭	২৭.১০.১৭	১০.১১.১৭	২৪.১১.১৭	২৫-০৯-২০১৭	২	২
		[১.৭.৩] পরিচালিত অভিযান	সংখ্যা	৩	১২	১১	১০	৯	৮	১৫	৩	৩
২. সড়ক নিরাপত্তা নিশ্চিতকরণ	[২.১] পেশাদার চালকদের প্রশিক্ষণ প্রদান	[২.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত পেশাদার চালক	সংখ্যা	৬	৪০০০	৩৯০০	৩৮০০	৩৭০০	৩৬০০০	৮৪,০১৯	৬	৬
	[২.২] মোবাইল কোর্ট পরিচাল	[২.২.১] রুজুকৃত মামলা	সংখ্যা	৪	৩৫০০	৩২৫০	৩২০০	৩১৫০	৩১০০০	২৪,৯১৩	০	০

কলাম-১	কলাম-২	কলাম-৩		কলাম-৪	কলাম-৫					কলাম-৬		
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indication)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18)					জুলাই/১৭ হতে জুন/১৮ পর্যন্ত অর্জন	খসড়া স্কোর	ওয়েটেড খসড়া স্কোর
					অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতিমানের নিম্নে (Poor)			
					১০০%	৯০%	৮০%	৭০%	৬০%			
	না											
	[২.৩] জনসচেতনতা সৃষ্টি	[২.৩.১] অনুষ্ঠিত সভা ও সেমিনার	সংখ্যা	৩	৬০	৫৮	৫৬	৫৪	৫২	৯৮	৩	৩
		[২.৩.২] বিলিকৃত লিফলেট, স্টিকার ও পোস্টার	সংখ্যা (লক্ষ)	৩	৭.৫	৭.৪	৭.৩	৭.২	৭.০	১২.৪	৩	৩
কৌশলগত উপ-মোট=				৮০							৭১	৭১
দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	২০১৭-১৮ অর্থ-বছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল	নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত	তারিখ	০.৫	১৯ এপ্রিল	২৩ এপ্রিল	২৫ এপ্রিল	২৬ এপ্রিল	২৭ এপ্রিল	১৯ এপ্রিল	০.৫	০.৫
	মাঠ পর্যায়ের কার্যালয় সমূহের সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর	নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত	তারিখ	১	১৫ জুন	১৮ জুন	১৯ জুন	২০ জুন	২১ জুন	২৯ জুন	০	০
	২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	১৬ জুলাই	১৮ জুলাই	১৯ জুলাই	২০ জুলাই	২৩ জুলাই	২৩ জুলাই	০.৬	০.৬
	২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন	ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	০.৫	৪	৩	-	-	-	৪	০.৫	০.৫

কলাম-১	কলাম-২	কলাম-৩		কলাম-৪	কলাম-৫					কলাম-৬		
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indication)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18)					জুলাই/১৭ হতে জুন/১৮ পর্যন্ত অর্জন	খসড়া স্কোর	ওয়েটেড খসড়া স্কোর
					অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতিমানের নিম্নে (Poor)			
					১০০%	৯০%	৮০%	৭০%	৬০%			
	চুক্তির বাস্তবায়ন পরিবীক্ষণ											
	২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	১১ জানুয়ারি	১৬ জানুয়ারি	১৮ জানুয়ারি	২১ জানুয়ারি	২২ জানুয়ারি	১০ জানুয়ারি	১	১
দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন	সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণের সময়*	জনঘন্টা	১	৬০	৫৫	৫০	৪৫	৪০	৫২	.৮	.৮
	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন	২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত	তারিখ	০.৫	১৩ জুলাই	৩১ জুলাই	-	-	-	৩১ জুলাই	.৪৫	.৪৫
		নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	০.৫	৪	৩	-	-	-	৪	.৫০	.৫০
তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন	তথ্য বাতায়ন হালনাগা	তথ্য বাতায়ন হালনাগাদকৃত	%	০.৫	১০০	৯৯	৮৫	৮০	৭৫	১০০	০.৫০	০.৫০

কলাম-১	কলাম-২	কলাম-৩		কলাম-৪	কলাম-৫					কলাম-৬		
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indication)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18)					জুলাই/১৭ হতে জুন/১৮ পর্যন্ত অর্জন	খসড়া স্কোর	ওয়েটেড খসড়া স্কোর
					অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতিমানের নিম্নে (Poor)			
					১০০ %	৯০ %	৮০%	৭০%	৬০%			
	দকরণ											
	স্বপ্রণোদিত তথ্য প্রকাশ	স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত	%	০.৫	১০০	৯৯	৮৫	৮০	৭৫	১০০	০.৫০	০.৫০
	বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ	বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	১	১৫ অক্টোবর	২৯ অক্টোবর	১৫ নভেম্বর	৩০ নভেম্বর	১৪ ডিসেম্বর	২৯ অক্টোবর	.৯০	.৯০
কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন	ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন	ই-ফাইল নথি নিষ্পত্তিকরণ	%	১	৮০	৩৫	৩০	২৫	২০	২২	.৬০	.৬০
	ইউনি কোড ব্যবহার নিশ্চিত করা	ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত	%	০.৫	১০০	৯৫	৯০	৮৫	৮০	১০০	.৫০	.৫০
	পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ	পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারিকৃত	%	০.৫	১০০	৯০	৮০	-	-	৮০	.৮০	.৮০
	সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান	প্রকাশিত সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত	%	১	১০০	৯০	৮০	৭০	৬০	৮০	.৮০	.৮০
	অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	নিষ্পত্তিকৃত অভিযোগ	%	১	৯০	৮০	৭০	৬০	৫০	১০০	১	১
	সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের	সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের	%	১	৮০	৭৫	৭০	৬৫	৬০	৮০	১	১

কলাম-১	কলাম-২	কলাম-৩		কলাম-৪	কলাম-৫					কলাম-৬		
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indication)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18)					জুলাই/১৭ হতে জুন/১৮ পর্যন্ত অর্জন	খসড়া স্কোর	ওয়েটেড খসড়া স্কোর
					অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতিমানের নিম্নে (Poor)			
					১০০ %	৯০ %	৮০%	৭০%	৬০%			
	মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা	ব্যবস্থা চালুকৃত										
	দপ্তর/সংস্থায় কর্মপক্ষে দুইটি অনলাইন সেবাচালু করা	কর্মপক্ষে দুইটি অনলাইন সেবাচালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি			৩০ অক্টোবর	১	১
	দপ্তর/সংস্থায় কর্মপক্ষে ৩টি সেবা প্রক্রিয়া সহজীকৃত	কর্মপক্ষে ৩টি সেবা প্রক্রিয়া সহজীকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	১৫ মার্চ	-	৩০ অক্টোবর	১	১
	দপ্তর/সংস্থা ও অধীনস্থ কার্যালয় সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন	উদ্ভাবনী উদ্যোগ ও SIP-সমূহের ডাটাবেজ প্রস্তুতকৃত	তারিখ	১	৪ জানুয়ারি	১১ জানুয়ারি	১৮ জানুয়ারি	২৫ জানুয়ারি	৩১ জানুয়ারি	২৮ জুন	০	০
		উদ্ভাবনী উদ্যোগ ও SIP রেল্লিকেটেড	সংখ্যা	১	২৫	২০	১৫	১০	-	২২	১	১
আর্থিক ব্যবস্থার উন্নয়ন	অডিট আপত্তি নিষ্পত্তি	অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	১	৫০	৪৫	৪০	৩৫	৩০	২.৩০	০	০
	স্বাবর/অস্বাবর সম্পত্তি হালনাগাদ	স্বাবর সম্পত্তির হালনাগাদ তালিকা	তারিখ	১	১ ফেব্রুয়ারি	১৫ ফেব্রুয়ারি	২৮ ফেব্রুয়ারি	২৮ মার্চ	১৫ এপ্রিল	সম্পাদিত হয়নি	০	০
	দত্বালিকা প্রস্তুত করা	অস্বাবর সম্পত্তির হালনাগাদ তালিকা	তারিখ	০.৫	১ ফেব্রুয়ারি	১৫ ফেব্রুয়ারি	২৮ ফেব্রুয়ারি	২৮ মার্চ	১৫ এপ্রিল	সম্পাদিত হয়নি	০	০

কলাম-১	কলাম-২	কলাম-৩		কলাম-৪	কলাম-৫					কলাম-৬		
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indication)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18)					জুলাই/১৭ হতে জুন/১৮ পর্যন্ত অর্জন	খসড়া স্কোর	ওয়েটেড খসড়া স্কোর
					অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতিমানের নিম্নে (Poor)			
					১০০%	৯০%	৮০%	৭০%	৬০%			
	দপ্তর/সংস্থায় কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা	কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	০.৫	১৫ অক্টোবর	২৯ অক্টোবর	১৫ নভেম্বর	৩০ নভেম্বর	১৪ ডিসেম্বর	১৫ অক্টোবর	.৫০	.৫০
উপমোট (আবশ্যিক)				২০							১৪.৭	১৪.৭
সর্বমোট (কৌশলগত + আবশ্যিক) (৭১+১৪.১)											৮৫.১	৮৫.১

বিআরটিএ'র APA কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact):

চূড়ান্ত ফলাফল/প্রভাব	চূড়ান্ত ফলাফল	একক	প্রকৃত অর্জন ২০১৬-১৭	প্রকৃত অর্জন ২০১৭-১৮	লক্ষ্যমাত্রা ২০১৮-১৯
মোটরযান ব্যবস্থাপন সংক্রান্ত সেবা প্রদানের সময় হ্রাস	ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির গড় সময় (চূড়ান্ত আবেদন গ্রহণের সময় থেকে)	দিন	১২০	৭৫	৬০
	ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রদানের গড় সময় (চূড়ান্ত আবেদন গ্রহণের সময় থেকে)	দিন	৭০	৬০	৪৫
সড়ক দুর্ঘটনা হ্রাস	সড়ক দুর্ঘটনা হ্রাসের হার	শতাংশ	-	-	১২

অধ্যায়- ৫

রোড সেফটি অধিশাখার কার্যক্রম

United Nations Decade of Action for Road Safety 2011-2020 এবং জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) ২০৩০ এর অনুসমর্থনকারী হিসাবে GOAL-3.6 অনুযায়ী বাংলাদেশ ২০২০ সালের মধ্যে সড়ক দুর্ঘটনায় আহত ও নিহতের সংখ্যা অর্ধেক নামিয়ে আনতে অঙ্গীকারবদ্ধ। এ লক্ষ্যে বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) অন্যান্য প্রতিষ্ঠানের সাথে একযোগে কাজ করে যাচ্ছে। সড়ক দুর্ঘটনা রোধকল্পে বিআরটিএ'র বিভিন্ন কার্যক্রম নিম্নে উল্লেখ করা হলো।

জনসচেতনতামূলক কার্যক্রমঃ

জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিশেষ প্রচারভিযানরে অংশ হিসেবে বিআরটিএ'র কর্মকর্তা/কর্মচারী কর্তৃক ঢাকা মহানগরীসহ সারাদেশে বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে সড়ক নিরাপত্তা ও গণসচেতনতা বৃদ্ধিমূলক শ্লোগান সম্বলিত স্টিকার, লিফলেট ও পোস্টার গাড়ীচালক, যাত্রী, পথচারী ও সড়ক ব্যবহারকারীদের মধ্যে নিয়মিতভাবে বিতরণ করা হচ্ছে। এসব কার্যক্রমে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী নিজে উপস্থিত থাকেন। ২০১৭-২০১৮ অর্থ বছরে সড়ক নিরাপত্তা ও গণসচেতনতা বৃদ্ধিমূলক শ্লোগান সম্বলিত বিভিন্ন প্রকার ৮,২১,৪৭৮ টি লিফলেট ও ৪,৯৭,৫৬৬ টি স্টিকার বিতরণ করা হয়েছে। এ কার্যক্রম অব্যাহত আছে।



সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক সড়ক নিরাপত্তামূলক কার্যক্রম



সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক সচেতনতামূলক লিফলেট বিতরণ



গণপরিবহন চালক ও যাত্রীদের মাঝে সচেতনতামূলক লিফলেট বিতরণ

গাড়ী চালকদের প্রশিক্ষণঃ

দক্ষ ও মানবিক গুণসম্পন্ন গাড়ীচালক তৈরির লক্ষ্যে পেশাজীবী গাড়ীচালকদের নিয়মিতভাবে স্বল্পমেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ২০১৭-২০১৮ অর্থ বছরে ৮৪,০১৯ জন পেশাজীবী গাড়ী চালককে সড়ক নিরাপত্তা, ট্রাফিক আইন ও সচেতনতামূলক বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ কার্যক্রম অব্যাহত আছে।



পেশাজীবী গাড়ীচালকদের প্রশিক্ষণ প্রদান

সভা সমাবেশ/সেমিনারঃ

স্কুল-কলেজের শিক্ষার্থীদের নিয়ে বিভাগীয় ও জেলা শহরে প্রতিবছর নিয়মিতভাবে বিআরটিএ'র উদ্যোগে রোড-শো, র্যালি, সভা-সমাবেশ ও সেমিনারের আয়োজন করা হয়।



সড়ক নিরাপত্তা ও গণসচেতনতা বৃদ্ধিমূলক র্যালি



স্কুলের ছাত্র কর্তৃক সড়ক নিরাপত্তামূলক কার্যক্রমে অংশগ্রহণ



সড়ক নিরাপত্তামূলক বিষয়ের উপর স্কুলের ছাত্র-ছাত্রীদের প্রশিক্ষণ



স্কুলের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে সড়ক নিরাপত্তামূলক সেমিনার

২০১৭-১৮ অর্থ বছরসহ বিগত ১০ (দশ) অর্থ-বছরের তথ্যাদি নিম্নরূপ:

অর্থ বছর	স্কুল-কলেজে সভা-সমাবেশ		সেমিনার/সমাবেশ	
	সংখ্যা	অংশগ্রহণকারী	সংখ্যা	অংশগ্রহণকারী
২০০৮-২০০৯			২১	২৯০০০
২০০৯-২০১০			৩৭	৪৫০০০
২০১০-২০১১			৭৩	৯৫০০০
২০১১-২০১২			৮০	১৫৫০০০
২০১২-২০১৩			৭৬	১০৫০০০
২০১৩-২০১৪			৫৭	১৯২৬১
২০১৪-২০১৫	৫৭	২৬৬৪০	৫	২৭০০
২০১৫-২০১৬	৫৭	২৯৮৬৯	৬০	২১৬৭২
২০১৬-২০১৭	৭৯	১৬১৩০	৬৮	২৪০৭৬
২০১৭-২০১৮	৯৫	২০০৪৪	৯৮	২৯৮৩১
মোট	২৮৮	৯২৬৮৩	৫৭৫	৫২৬৫৪০

সড়ক নিরাপত্তা ও গণসচেতনতামূলক বিজ্ঞপ্তি প্রচারঃ

বিআরটিএ কর্তৃক বিভিন্ন ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় নিয়মিতভাবে সড়ক নিরাপত্তা ও গণসচেতনতা বৃদ্ধিমূলক বক্তব্য/বিজ্ঞপ্তি প্রচার করা হচ্ছে। ২০১৭-১৮ অর্থ বছরসহ বিগত ১০ (দশ) অর্থ-বছরের তথ্যাদি নিম্নরূপ:

অর্থ বছর	প্রচার ও বিজ্ঞাপন		
	পত্রিকায় বিজ্ঞপ্তি	লিফলেট	পোস্টার/ স্টিকার
২০০৮-২০০৯	১৫০	২৫০০০	২০০০
২০০৯-২০১০	৩২০	৩৪০০০	২০০০
২০১০-২০১১	৪১১	৫২০০০	১০০০০
২০১১-২০১২	৫০০	৩২৫০০০	৬২৫০০০
২০১২-২০১৩	৬৬১	৩৫০০০০	৬৭৫৫০০
২০১৩-২০১৪	৬০৬	১৪৮০০০	৩১২০০০
২০১৪-২০১৫	৩০১	২১২০০০	৪৭০০০০
২০১৫-২০১৬	৪৮০	৩৫০০০০	৩৩৭০০০
২০১৬-২০১৭	৪০৭	৭০৬০৮৩	৩১৯২৫৩
২০১৭-২০১৮	৪৪৫	৮২১৪৭৮	৪৯৭৫৬৬
মোট	৪২৮১	৩০২৩৫৬১	৩২৫০৩১৯

অবৈধ ও অননুমোদিত যানবাহন চলাচল বন্ধ করণঃ

জাতীয় মহাসড়কে থ্রি-হইলার নিয়ন্ত্রণসহ নসিমন, করিমন, ভটভটি, ইজিবাইক ইত্যাদি অবৈধ যানবাহন চলাচল বন্ধ ঘোষণা করা হয়েছে। এ লক্ষ্যে জেলা প্রশাসন ও পুলিশ বিভাগের সাথে বিআরটিএ নিয়মিতভাবে অভিযান পরিচালনা করছে।



ইজি বাইকের বিরুদ্ধে বিশেষ অভিযান

Action Plan প্রণয়নঃ

সড়ক দুর্ঘটনা হ্রাসকল্পে জাতীয় সড়ক নিরাপত্তা কৌশলগত কর্মপরিকল্পনা, ২০১৭-২০২০ (National Road Safety Strategic Action Plan, 2017-2020) প্রণয়ন করা হয়েছে, যা বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/প্রতিষ্ঠানের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে।

সরকার নিরাপত্তাকল্পে কমিটি গঠনঃ

মেট্রোপলিটন সড়ক নিরাপত্তা কমিটি, জেলা সড়ক নিরাপত্তা কমিটি এবং উপজেলা সড়ক নিরাপত্তা কমিটি পুনর্গঠন করা হয়েছে। কমিটিগুলো তাদের নিজ নিজ এলাকায় সড়ক নিরাপত্তা সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করছে। এছাড়া, নিরাপদ সড়ক সংক্রান্ত মন্ত্রীসভা কমিটি, জাতীয় সড়ক নিরাপত্তা কাউন্সিল ও সড়ক পরিবহন উপদেষ্টা পরিষদ পুনর্গঠনপূর্বক নিয়মিত সভা অনুষ্ঠানের আয়োজনসহ সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

দুর্ঘটনা কবলিত মোটরযানের প্রতিবেদন প্রদানঃ

দুর্ঘটনা কবলিত মোটরযানের প্রতিবেদন সংগ্রহ ও বিশ্লেষণ, দুর্ঘটনার কারণ অনুসন্ধান, দুর্ঘটনার ক্ষয়ক্ষতি নিরূপণ ও দুর্ঘটনা হ্রাসকল্পে সুপারিশমালা প্রদান করা হয়ে থাকে। পুলিশ সদর দপ্তরের পরিসংখ্যান অনুযায়ী ২০১৭-১৮ অর্থ বছরের সড়ক দুর্ঘটনার পরিসংখ্যান নিম্নরূপ:

২০১৭-২০১৮ অর্থ বছর অনুযায়ী সড়ক দুর্ঘটনার পরিসংখ্যান				
ক্রমিক নং	মাসের নাম	দুর্ঘটনার সংখ্যা	নিহতের সংখ্যা	আহতের সংখ্যা
১	জুলাই/১৭	২৩৯	২১৬	১৫১
২	আগস্ট/১৭	২০০	১৯৬	১১৯
৩	সেপ্টেম্বর/১৭	২২৫	২৩৩	১৪৪
৪	অক্টোবর/১৭	১৫০	১৫০	১৫৭
৫	নভেম্বর/১৭	১৭৬	১৬৮	১৯২
৬	ডিসেম্বর/১৭	১৭৪	১৬৮	১৩০
৭	জানুয়ারি/১৮	২০৮	২১০	৯৬
৮	ফেব্রুয়ারি/১৮	১৮৭	২০৬	১৩৬
৯	মার্চ/১৮	২৩০	২৩২	১২২
১০	এপ্রিল/১৮	২২৩	২২৬	১৩৫
১১	মে/১৮	২২১	২১৯	১৮৬
১২	জুন/১৮	২৬৫	২৮৯	৩০৮
মোট	২০১৭-২০১৮	২৪৯৮	২৫১৩	১৮৭৬

পাঠ্যসূচিতে সড়ক নিরাপত্তা সংক্রান্ত বিষয় অন্তর্ভুক্তিঃ

সড়ক নিরাপত্তার বিষয়টি প্রাথমিক ও মাধ্যমিক স্কুলের পাঠ্যক্রমে অন্তর্ভুক্তির জন্য শ্রেণি ও বয়স ভিত্তিক পাঠ্যসূচি প্রস্তুত করে শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে যা ইতোমধ্যে কিছু পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত হয়েছে। বাকী কার্যক্রম শিক্ষা মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে।

হাট-বাজার অপসারণ সংক্রান্তঃ

সড়ক দুর্ঘটনারোধে জাতীয় ও আঞ্চলিক মহাসড়কের উপর অবস্থিত হাট-বাজার ও বাণিজ্যিক স্থাপনা অপসারণের জন্য সকল জেলা প্রশাসন ও পুলিশ বিভাগকে অনুরোধ করা হয়েছে। এ লক্ষ্যে জেলা প্রশাসন ও পুলিশ বিভাগ কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

গতিসীমা নিয়ন্ত্রণঃ

মহাসড়কে বাসের গতিসীমা ৮০ কি.মি. এবং ট্রাকের গতিসীমা ৬০ কি.মি. বেঁধে দেয়া হয়েছে। এ বিষয়টি ব্যাপক প্রচার করা হয়েছে।

জাতীয় নিরাপদ দিবস সড়ক দিবস উদযাপনঃ

জনসচেতনতা সৃষ্টি ও সড়ক নিরাপত্তা নিশ্চিতকল্পে সরকার ২২ অক্টোবরকে জাতীয় নিরাপদ সড়ক দিবস হিসেবে ঘোষণা করেছে। ‘সাবধানে চালাবো গাড়ী, নিরাপদে ফিরবো বাড়ী’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে গত ২০১৭ সালে ২২ অক্টোবর সারাদেশে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে প্রথম বারের মতো জাতীয় নিরাপদ সড়ক দিবস-২০১৭ উদযাপন করা হয়েছে।



জাতীয় সড়ক নিরাপদ দিবস-২০১৭ তে মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী

অধ্যায় –৬ প্রশিক্ষণ অধিশাখার কার্যক্রম

কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানঃ

২০১৭-১৮ অর্থ বছরে বিআরটিএ'র ৫৭ জন কর্মকর্তা/কর্মচারীকে ১৮ টি বিষয়ের উপরে বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট অব বাংলাদেশ (আইইবি), জাতীয় পরিকল্পনা উন্নয়ন একাডেমী, এক্সিডেন্ট রিসার্চ ইনস্টিটিউট, স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, ঢাকা পরিবহণ সমন্বয় কর্তৃপক্ষ, সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ), সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তরসহ বিভিন্ন প্রতিষ্ঠানে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং বিআরটিএ'র অভ্যন্তরীণ বিষয়ের (In House Training) উপর ১২১ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



বিআরটিএ'র অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় বিআরটিএ'র নবনিয়োগকৃত কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান



এক্সিডেন্ট রিচার্স ইনস্টিটিউটে বিআরটিএ'র কর্মকর্তাগণকে ভেহিক্যাল ইন্সপেকশন ম্যানুয়ালের উপর TOT প্রশিক্ষণ প্রদান

বিভিন্ন প্রতিষ্ঠানের গাড়ী চালকদের প্রশিক্ষণ প্রদানঃ

বিভিন্ন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান (যেমন: পাট গবেষণা ইনস্টিটিউট, এনএসআই, ঢাকা সিটি কর্পোরেশন, পরিসংখ্যান ব্যুরো ইত্যাদি) হতে গাড়ী চালকদের প্রশিক্ষণ প্রদানের জন্য আমন্ত্রণ জানানো হয়। উক্ত আমন্ত্রণের প্রেক্ষিতে বিআরটিএ হতে প্রশিক্ষক প্রেরণ করা হয়। ২০১৭-২০১৮ অর্থ বছরে ২০টি সেশনে প্রায় ৪০০ জন গাড়ী চালককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

ট্রাফিক পুলিশের কর্মকর্তাগণকে প্রশিক্ষণ প্রদানঃ

বিআরটিএ কর্তৃক নির্ধারিত বিভিন্ন সময়ে পুলিশ কর্মকর্তাগণকে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এই প্রশিক্ষণ সেশনটি ০২ (দুই) ভাগে পরিচালিত হয়। বিআরটিএ সদর কার্যালয়ে তাত্ত্বিক (থিওরিটিক্যাল) ও মিরপুর অফিসে ব্যবহারিক (প্র্যাকটিক্যাল) ক্লাস নেওয়া হয়। তাত্ত্বিক ক্লাসে কাগজপত্র সনাক্তকরণ, বিআরটিএ ও পুলিশ বিভাগের মধ্যে ডাটা শেয়ারিং ব্যবস্থাপনা, বিআরটিএ'র ডিজিটাইজেশন ইত্যাদি সম্পর্কে জানানো হয়। মিরপুর অফিসে ডিজিটাল নাম্বার প্লেট ইস্যু পদ্ধতি, ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট ও ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন পদ্ধতি, রুট পারমিট ইস্যু ও নবায়ন পদ্ধতি ইত্যাদি সম্পর্কে জানানো হয়। বিআরটিএ কর্তৃক ২০১৭-২০১৮ অর্থ বছরে ০৫ (পাঁচ)টি সেশনে ২৩২ জন ট্রাফিক পুলিশকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও পুলিশ বিভাগের আমন্ত্রণে ট্রাফিক পুলিশ কর্মকর্তাগণকে প্রশিক্ষণ প্রদানের জন্য বিআরটিএ হতে প্রশিক্ষক প্রেরণ করা হয়। এ প্রশিক্ষণের আওতায় বিভিন্ন প্রতিষ্ঠানে গত ২০১৭-২০১৮ অর্থ বছরে ০৫ (পাঁচ)টি সেশনে ২০০ জন ট্রাফিক পুলিশকে প্রশিক্ষণ করা হয়েছে।



বিআরটিএ কর্তৃক ট্রাফিক পুলিশগণকে প্রশিক্ষণ প্রদান

পেশাজীবী গাড়ীচালকদের প্রশিক্ষণ প্রদানঃ


সড়ক দুর্ঘটনা হ্রাসকল্পে পেশাজীবী গাড়ীচালকদের দক্ষতা ও সচেতনতা বৃদ্ধির জন্য ০২ (দুই) দিন মেয়াদে রিফ্রেশার প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকে। ২০০৯ সাল থেকে জুন ২০১৮ পর্যন্ত মোট ২৭১৭৫৯ জন গাড়ী চালককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০১৬-২০১৭ অর্থ বছর থেকে পেশাজীবী গাড়ীচালকদের ড্রাইভিং লাইসেন্স নবায়ন কালে প্রশিক্ষণ প্রদান বাধ্যতামূলক করা হয়েছে। এখানে উল্লেখ্য যে, উক্ত প্রশিক্ষণ কোর্সে বিআরটিএ'র কর্মকর্তা, নির্বাহী ম্যাজিস্ট্রেট, এক্সিডেন্ট রিসার্চ ইনস্টিটিউট, ট্রাফিক পুলিশ এবং ড্রাইভিং স্কুলের ইন্সট্রাক্টর সহ সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ রিসোর্স পার্সনগণ প্রশিক্ষণ প্রদান করে থাকেন।



পেশাজীবী গাড়ী চালকদেরকে প্রশিক্ষণ প্রদান

২০১৭-২০১৮ অর্থ বছরসহ বিগত ১০ (দশ) অর্থ বছরের পেশাজীবী গাড়ীচালকদের পেশাগত দক্ষতা ও সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদানের তথ্যাদি নিম্নরূপঃ

অর্থ বছর	পেশাজীবী গাড়ীচালক প্রশিক্ষণার্থীর সংখ্যা
২০০৮-২০০৯	৩,০০০
২০০৯-২০১০	৮,২৫০
২০১০-২০১১	১৮,০০০
২০১১-২০১২	২৫,১০০
২০১২-২০১৩	২৯,৮৭০
২০১৩-২০১৪	২৩,৫৮৫
২০১৪-২০১৫	১৭,৮৮৮
২০১৫-২০১৬	২৫,০৮৩
২০১৬-২০১৭	৫২,৬৭০
২০১৭-২০১৮	৮৪,০১৯



অর্থ-বছর ভিত্তিক পেশাজীবী গাড়ীচালক প্রশিক্ষণার্থীর সংখ্যা

SEIP:

SEIP প্রকল্পের আওতায় BMET, BRTC ও অন্যান্য বেসরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠান কর্তৃক আগামী পাঁচ বছরে এক লক্ষ মোটর ড্রাইভার তৈরির জন্য প্রশিক্ষণ কার্যক্রমের বাস্তবায়ন পরিকল্পনা:

প্রশিক্ষণ প্রতিষ্ঠান	২০১৮	২০১৯	২০২০	২০২১	২০২২	মোট
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (BMET)	৩,০০০	৭,০০০	৭,৫০০	৭,৫০০	৭,৫০০	৩২,৫০০
বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (BRTC)	৬,০০০	৭,৫০০	৭,৫০০	৭,৫০০	৭,৫০০	৩৬,০০০
টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (TSC), ট্রাস্ট প্রশিক্ষণ কেন্দ্র, সুনাম সম্পন্ন বেসরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ	১,৫০০	৫,০০০	৭,০০০	৮,০০০	১০,০০০	৩১,৫০০
মোট	১০,৫০০	১৯,৫০০	২২,০০০	২৩,০০০	২৫,০০০	১,০০,০০০

উল্লিখিত প্রকল্পের আওতায় নির্বাচিত প্রশিক্ষকদেরকে বিআরটিএ কর্তৃক TOT প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও এ প্রকল্পের আওতায় অনুষ্ঠিত বিআরটিএ ও টিটিসি'র বিভিন্ন প্রশিক্ষণ ক্লাসে বিআরটিএ'র কর্মকর্তাগণ প্রশিক্ষণ প্রদান করে যাচ্ছেন। ডাইভিং লাইসেন্স প্রাপ্তির প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে বিআরটিএ সদর কার্যালয় হতে সার্বক্ষণিক প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ও তদারকি করা হচ্ছে।



SEIP প্রকল্পের আওতায় বিআরটিএ'তে বিআরটিএ'র পরিচালক (প্রশিক্ষণ) কর্তৃক গাড়ী চালকদের প্রশিক্ষণ প্রদান

অধ্যায়- ৭

সচিব অধিশাখার কার্যক্রম

অনলাইনে/বিভিন্ন মাধ্যমে প্রাপ্ত অভিযোগের নিষ্পত্তি ব্যবস্থাপনাঃ

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) তে অনলাইন গ্রিডেন্স রিড্রেস সিস্টেম (GRS) চালু রয়েছে। এ বিভাগের ওয়েবসাইটের মাধ্যমে যে কেউ এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার কর্মকান্ডের উপর অভিযোগ উত্থাপন ও পরামর্শ প্রদান করতে পারেন। ২০১৭-১৮ অর্থ বছরে ১০২ টি অভিযোগ ও পরামর্শ পাওয়া গিয়েছে। প্রত্যেকটি অভিযোগ ও পরামর্শের বিষয়ে গৃহীত ব্যবস্থা আবেদনকারীকে যথাসময়ে জানিয়ে দেয়া হয়েছে। অভিযোগ নিষ্পত্তির হার শতভাগ। এছাড়াও মন্ত্রিপরিষদ বিভাগ এবং এ বিভাগে সরাসরি দাখিলকৃত লিখিত অভিযোগ গুরুত্বের সাথে বিবেচনায় নিয়ে নিষ্পত্তি করা হয়।

কর্তৃপক্ষকে আইনগত বিষয়ে পরামর্শ দানঃ

বিআরটিএ-তে দুইজন আইনজীবী নিয়োগ করা আছে। তাঁরা বিআরটিএ সংক্রান্ত যেসকল মামলা দায়ের হয়, সেগুলো নিষ্পত্তির ব্যাপারে বিআরটিএ-কে আইনগত পরামর্শ ও সহযোগিতা প্রদান করে থাকে।

উপদেষ্টা, পরামর্শক এবং অথরিটির সভা আহ্বান ও এই সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদনঃ

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ)-এর একটি উপদেষ্টা পরিষদ রয়েছে। উক্ত উপদেষ্টা পরিষদের চেয়ারম্যান হলেন সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সদস্য সচিব হলেন বিআরটিএর চেয়ারম্যান। এ পর্যন্ত ৪১টি উপদেষ্টা পরিষদের সভা অনুষ্ঠিত হয়েছে। উপদেষ্টা পরিষদ বিভিন্ন কর্মকর্তা/ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত। সভায় সদস্যগণের পরামর্শের ভিত্তিতে পরিবহন সেক্টরের বিভিন্ন সমস্যা, মালিক/শ্রমিকদের বিভিন্ন দাবী দাওয়া উত্থাপন ও নিষ্পত্তি সংক্রান্তে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ে থাকে। সভার যাবতীয় কার্যক্রম এ শাখা থেকে সম্পন্ন করা হয়ে থাকে। এছাড়া বিআরটিএতে একটি অথরিটি রয়েছে। ৮ জন কর্মকর্তা/ব্যক্তিবর্গের সমন্বয়ে অথরিটি গঠিত হয়েছে। এ পর্যন্ত ১৩টি অথরিটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় বিভিন্ন বিভাজন ও পদ সৃজনসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ে থাকে।

অথরিটি'র নিরীক্ষা ও সংক্রান্ত কার্যাদিঃ

বিআরটিএ অফিস সৃষ্টিলাগ্ন থেকে ২০১০ সাল পর্যন্ত স্থানীয় রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক নিরীক্ষিত হয়েছে। উক্ত সময় সর্বমোট ১২৩+১০=১৩৩টি অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। ২০১৩ সাল থেকে এ অথরিটির সকল কার্যসমূহ পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক নিরীক্ষিত হচ্ছে। ২০১৮ সাল পর্যন্ত বিআরটিএ'র ২১টি অডিট ইউনিট নিরীক্ষিত হয়েছে। এতে সর্বমোট ২৬৫টি অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। এরপর থেকে জুলাই, ২০১৮ পর্যন্ত ১১টি আপত্তি নিষ্পত্তি হয়েছে। এ মুহূর্তে বিআরটিএ'র আরও ২৫৫ টি অডিট আপত্তি অনিষ্পন্ন আছে।

RTC গঠন ও পুনর্গঠনঃ

মোটরযান অধ্যাদেশ ১৯৮৩'র ৫৪ (১) ধারা অনুসারে দেশের সকল জেলা ও মেট্রোপলিটান এলাকায় আঞ্চলিক পরিবহন কমিটি (RTC) গঠিত/পুনর্গঠিত হয়ে থাকে। এসকল RTC, BRTA'র পক্ষে স্ব-স্ব এলাকায় মোটরযানের রুট পারমিট প্রদান ও নবায়ন, সড়ক পরিবহন ব্যবস্থার তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ এবং পরিবহন সেক্টরে বিদ্যমান সমসাময়িক বাস্তবসম্মত সমাধান প্রদানের দায়িত্ব পালন করে। এসব RTC তে আলোচনার মাধ্যমে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করার মাধ্যমে মোটরযান রেজিস্ট্রেশন, ফিটনেস সার্টিফিকেট ও রুট পারমিট প্রদান করা হয়। ২০১৭-১৮ অর্থবছরে সচিব শাখা থেকে ১৫টি RTC পুনর্গঠন করা হয়েছে।

মেট্রো, বিভাগ ও জেলা পর্যায়ে আরটিসি গঠন/পুনর্গঠন সংক্রান্ত কার্যাবলী সম্পাদনঃ

অথরিটির আইনানুযায়ী সকল মেট্রো ও জেলা সার্কেলে একটি করে আঞ্চলিক পরিবহন কমিটি রয়েছে। এই কমিটি, এর এখতিয়ারাধীন এলাকার যানবাহন ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম পরিচালনা করে থাকে। ২০১৭-১৮ অর্থবছরে ১৫টি আরটিসি পুনর্গঠিত হয়েছে।

তথ্য অধিকার আইন (RTI)ঃ

সেবা গ্রহীতাদের তথ্য প্রাপ্তি নিশ্চিতকরণের লক্ষ্যে বিআরটিএ'র আওতাধীন বিভাগীয় অফিস ও জেলা অফিসে দর্শনীয় স্থানে সিটিজেন চার্টার স্থাপন করা হয়েছে। বিআরটিএ'র সদর কার্যালয়ের তথ্য প্রদানকারী কর্মকর্তা এ অথরিটির সচিব, এ আইনের বিধানমতে সদর কার্যালয়ে একজন সহকারী তথ্য প্রদানকারী কর্মকর্তাও নিয়োজিত আছেন। এছাড়া সকল বিভাগীয় অফিস ও জেলা অফিসের তথ্য প্রদানকারী কর্মকর্তা নির্ধারণ করা হয়েছে। বিআরটিএ'র ওয়েবসাইট www.bрта.gov.bd নিয়মিত হালনাগাদকরণ করা হচ্ছে। এ ব্যতীত গ্রাহকগণকে হেল্পলাইনের মাধ্যমে তথ্য সহায়তা প্রদানের উদ্যোগ নেওয়া হয়েছে।

GRS (অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা)ঃ

বিআরটিএ'র অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে এ অথরিটির সচিব নিয়োজিত রয়েছেন। তাছাড়া সকল বিভাগীয় অফিস ও সার্কেল অফিস সমূহে সাপ্তাহিক গণশুনানির মাধ্যমে গ্রাহকগণের অভিযোগ প্রতিকারের ব্যবস্থা করা হয়েছে।

মোটরযান আইন সংক্রান্ত খসড়া বিধি/প্রবিধান/নীতিমালা প্রণয়নঃ

মোটরযান অধ্যাদেশ, ১৯৮৩ যুগোপযোগী করে প্রণীত সড়ক পরিবহন আইন-২০১৮, ০৮ অক্টোবর ২০১৮ এ গেজেট আকারে প্রকাশিত হয়েছে।

GOOD PRACTICES (উত্তম চর্চাসমূহ):

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি কর্তৃক উত্তম চর্চা হিসেবে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছেঃ

- বিভাগীয় অফিস ও আঞ্চলিক অফিসের সম্মুখভাগে সিটিজেন চার্টার স্থাপন করা হয়েছে।
- মোটরযানের কর ও ফি জমা প্রদানের জন্য ১৭টি বাণিজ্যিক ব্যাংকের ৩২৮টি শাখা/বুথ নির্ধারিত আছে। ব্যাংকের উক্ত শাখা/বুথ নির্ধারিত আছে। ব্যাংকের উক্ত শাখা/বুথের নাম ও ঠিকানা বিআরটিএ'র ওয়েবসাইট (www.brta.gov.bd) এ রয়েছে।
- VISA, Master Card, American Express, Dutch Bangla Bank Ltd. এর সকল কার্ড এবং Dutch Bangla Bank Ltd. এর মোবাইল ব্যাংকিং (রকেট) এর মাধ্যমে (<http://ipaybrta.cnsbd.com>) যে কোন স্থান হতে কর ও ফি প্রদান করা যায়।
- অসুস্থ, বৃদ্ধ ও মুক্তিযোদ্ধাদের জন্য বিআরটিএ মিরপুর সার্কেল অফিসে ব্যাংকের পৃথক কাউন্টার স্থাপন করা হয়েছে।
- ড্রাইভিং লাইসেন্স সেবা প্রার্থীদের জন্য বিআরটিএ মিরপুর সার্কেল অফিসের দর্শনীয় স্থানে ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপনের মাধ্যমে আবেদনপত্র পূরণের প্রয়োজনীয় শর্ত ও তথ্যাবলী প্রদর্শন করা হচ্ছে।
- বিআরটিএ মিরপুর সার্কেল অফিসে ওয়েটিং রুমের ব্যবস্থা করা হয়েছে।
- ২০১৭ সাল থেকে জাতীয় সড়ক নিরাপত্তা দিবস পালন করা হচ্ছে।
- বিআরটিএ'র ফেসবুক পেজের মাধ্যমে নাগরিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেওয়া হয় এবং বিভিন্ন সমস্যা সমাধান করা হয়। বিআরটিএ'র সদর কার্যালয়সহ সকল বিভাগীয় অফিসসমূহে Facebook page খোলা হয়েছে। Facebook- এর মাধ্যমে জনগণ তাদের সমস্যা ও পরামর্শ কর্তৃপক্ষের নজরে আনছেন এবং সংশ্লিষ্ট অফিসের কর্মকর্তাগণ গুরুত্বের সাথে সেসব বিষয়ে ব্যবস্থা গ্রহণ করছেন। Facebook এর মাধ্যমে গ্রাহক থেকে বিভিন্ন ধরনের পরামর্শ পাওয়া যাচ্ছে যা সেবার মান উন্নয়নে ভূমিকা রাখছে।
- ২০১৬ সাল থেকে পাবলিক সার্ভিস ডে উদযাপন করা হচ্ছে; যার মাধ্যমে বিআরটিএ'র বিভিন্ন সেবা তাত্ক্ষণিকভাবে প্রদান করা হয়ে থাকে।
- দাপ্তরিক কাজে উত্তম চর্চার স্বীকৃতি স্বরূপ কর্মকর্তা/কর্মচারীদের পুরস্কার প্রদান করা হয়েছে। ভবিষ্যতেও এটি চলমান থাকবে।

সমাপ্ত